

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
কেমন করে আল্লাহ এমন জাতিকে
হেদায়েত দান করবেন, যারা ইমান
আনার পর এবং রসুলকে সত্য বলে সত্য
দেয়ার পর এবং তাদের নিকট প্রমাণ
এসে যাওয়ার পর কাফের হয়েছে।
সূরা আল ইমরান- ৮৬

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ২ মঙ্গলবার ২০২৬ ১০৮ জমাদিউল উলা ১৪৪৮ ১০৪ কার্তিক ১৪৩৩ ১৯ম বর্ষ ১৩৪ সংখ্যা ১৪ পৃষ্ঠা ৫ টাকা



**স্বৈরাচার ফেরার পথ
খুললে শহীদদের সঙ্গে
গান্ধারি হবে: প্রধানমন্ত্রী**
কীর্তনখোলা ডেস্ক
প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, বিরোধিতা করতে গিয়ে স্বৈরাচার ফিরে আসার পথ উন্মুক্ত করা হলে তা হবে জুলাই ২ এর পাতায় দেখুন



**লাখ লাখ রোহিঙ্গা আশ্রয়
দিয়ে মারাত্মক সংকটে
বাংলাদেশ: স্বরাষ্ট্রমন্ত্রী**
কীর্তনখোলা ডেস্ক
মিয়ানমারের অভ্যন্তরীণ সংঘাতের কারণে বলপূর্বক বাধ্যতায় লাখ লাখ মিয়ানমারের রোহিঙ্গা নাগরিককে মানবিক ২ এর পাতায় দেখুন



**দলকে বিব্রত না করতেই
পদত্যাগ, মেয়র নির্বাচন
করতে প্রস্তুত: ইশরাক হোসেন**
কীর্তনখোলা ডেস্ক
মন্ত্রিসভা থেকে স্বেচ্ছায় অব্যাহতি চেয়েছেন বলে জানিয়েছেন সদ্য সাবেক মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রী ইশরাক হোসেন। ২ এর পাতায় দেখুন



**স্বরাষ্ট্রমন্ত্রীর ব্যর্থতার বলি
হতে হবে ইশরাকদের:**
হাসনাত আবদুল্লাহ
কীর্তনখোলা ডেস্ক
মাদক নিয়ন্ত্রণে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোর কার্যকারিতা নিয়ে প্রশ্ন তুলে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের সমালোচনা করেছেন ২ এর পাতায় দেখুন



বরিশালের নদ-নদীতে নৌবাহিনীর অভিযান জন্ম ৩০ লাখ মিটারের বেশি অবৈধ জাল

কীর্তনখোলা রিপোর্ট
মা ইলিশ সংরক্ষণে বরিশালের বিভিন্ন নদ-নদীতে অভিযান চালিয়ে ৩০ লাখ মিটারের বেশি অবৈধ জাল জন্ম করেছে বাংলাদেশ নৌবাহিনী। জন্ম করা জালের আনুমানিক বাজারমূল্য ২৫ কোটি ৭৮ লাখ ৯৬ হাজার ৯০০ টাকা। ইলিশের নিরাপদ প্রজনন ও বংশবিস্তার নিশ্চিত করতে নিষেধাজ্ঞা বাস্তবায়নে এ অভিযান চালানো হয়। সোমবার বরিশালের হিজলা, মেহেন্দিগঞ্জ, গোবিন্দপুর, লাহারহাট, বারুগঞ্জ, চরমোনাই, শ্রীপুর ও পাতারহাট এলাকার বিভিন্ন নদ-নদীতে অভিযান পরিচালনা করে নৌবাহিনী। এ সময় নিষেধাজ্ঞা অমান্য করে মাছ ধরার কাজে ব্যবহৃত অবৈধ জাল ও সরঞ্জাম জব্দ করা হয়। নৌবাহিনীর দেওয়া তথ্য অনুযায়ী, দায়িত্বপ্রাপ্ত এলাকাগুলোতে এ পর্যন্ত ৩০ লাখ ৩১ হাজার ৬২০ মিটার অবৈধ জালসহ আরও ৭৪টি জাল জব্দ করা হয়েছে। জব্দ করা এসব জালের আনুমানিক বাজারমূল্য ২৫ কোটি ৭৮ লাখ ৯৬ হাজার ৯০০ ২ এর পাতায় দেখুন



নগরীর পূজামণ্ডপ পরিদর্শন করেন সিটি প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরীন -কীর্তনখোলা

চাঁদা আদায় নিয়ে বিরোধে জেলদেব ওপর হামলা, হাতবোমা বিস্ফোরণে আহত ৫

মুলাদী প্রতিনিধি
বরিশালের মুলাদীতে চাঁদা আদায়, মাছ ও জাল ছিলিয়ে নেওয়ারকে কেন্দ্র করে বিরোধের জেরে জেলদেব ওপর হামলার ঘটনা ঘটেছে। এ সময় ৩২ থেকে ৩৫টি হাতবোমা বিস্ফোরণে ট্রলারচালক ও ইসলাম (২৫) এবং মুঙ্গিগঞ্জের কলেসহ অন্তত পাঁচজন গুরুতর আহত হয়েছেন। রোববার রাত

৮টার দিকে উপজেলার সফিপুর ইউনিয়নের নোমরহাট খেয়াঘাটের উত্তর পাড়ে জয়ন্তী নদীতে এ হামলার ঘটনা ঘটে। আহত ব্যক্তিরা হলেন সফিপুর গ্রামের ট্রলারচালক আজিজুল খান (২৪), জেলে জহিরুল ইসলাম (২৫) এবং মুঙ্গিগঞ্জের শ্রীনগর উপজেলার ঘোলদুর গ্রামের আবদুল জলিল ব্যাপারী

(৪২)। এ ছাড়া জাকির হোসেন (৩০) ও মোসলেম উদ্দীন ঘরাণী (২৮) নামের আরও দুজন আহত হয়েছেন। স্থানীয় জেলদেবের ভাষ্য, সফিপুর ইউনিয়নের বড় লক্ষীপুর গ্রামের কাসেম পাশোয়ানের ছেলে জামাল পাশোয়ান ওরফে ‘বোমাক জামাল’ নোমরহাটের পশ্চিম পাশে ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, সফিল বাহলুর প্রখ্যাত বাংলা ভাষ্যপরিবর্তিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রহ্মমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মন্ত্রনালয় শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য

বইটি প্রস্তুতকারকের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নথর প্রাপ্তিতে সহায়ক। সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিখ্যের প্রধান পরীক্ষক, সরকারি আশৈল্যবাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সুজননীল গ্রন্থ প্রণেতা

পৃথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব ছানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিল্লা সদর রোড, বরিশাল 01932-৩14219	ইসলামিয়া লাইব্রেরি শাহরারহাট, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ শাহরারহাট, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি বড় লাল দে কলকোষ ঘাট, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি বড় লাল দে কলকোষ ঘাট, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এ.এ. কলকোষের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এ.এ. কলকোষের সামনে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এ.এ. কলকোষের সামনে 01717-488083



উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সরকারি দলকে শক্তিশালী করতে হবে প্রতিমন্ত্রী সোহেল মনজুর

মেহেন্দি হাসান, কাউখালী
পিরোজপুরের কাউখালীতে শারদীয় দুর্গাপূজা উপলক্ষে প্রধানমন্ত্রীর পক্ষ থেকে উপজেলার দুর্গামণ্ডিরসমূহ এবং সনাতন ধর্মাবলম্বীদের মাঝে আর্থিক অনুদান ও উপহার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী আহমেদ সোহেল মনজুর সুমন তার বক্তব্যে একথা বলেন। তিনি আরও বলেন এ দেশের প্রতিটি নাগরিকের সমান অধিকার রয়েছে। আপনারা নিজদের সংখ্যালঘু ভাববেন না, এই দেশ আপনাদের, আমরা সবাই এ দেশের নাগরিক। ধর্ম যার বার, কিন্তু রাত্রি সবার। এ সময় ২ এর পাতায় দেখুন

নতুন আঙ্গিক, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানবের সিমেন্ট

বিশ্বমানব সিমেন্ট
ইসরাইলি মন্ত্রণালয়

সেবা : ০২৯৯০০৬৬৬৬৬, ০২৯৯০২৭৭০৪

ডিভাইসে হাত রাখলেই রোগ নির্ণয় ১৫ বছর ধরে চিকিৎসার নামে প্রতারণা

কীর্তনখোলা রিপোর্ট
চোখের সমস্যা আর মাথাব্যথা নিয়ে চিকিৎসার খোঁজে বেরিয়েছিলেন সাহেবা বেগম। এক দালালের কাছে জানতে পারেন, বরিশালের বারুগঞ্জ উপজেলার কলেজ গেট এলাকায় এমন এক চিকিৎসক আছেন, যিনি যন্ত্রের সাহায্যে সব ধরনের রোগ নির্ণয় করে চিকিৎসা দেন। সেই কথায় বিশ্বাস করে ওই ব্যক্তির কাছে যান তিনি। সেখানে ডিভাইসে হাত রেখে রোগ নির্ণয়ের পদ্ধতিতে



বিরুদ্ধে। ল্যাপটপ ও বিশেষ ডিভাইস ব্যবহার করে রোগ নির্ণয়ের দাবি করে প্রায় ১৫ বছর ধরে বরিশালের বিভিন্ন এলাকায় রোগী দেখে আসছিলেন তিনি। তবে শেষ পর্যন্ত রোববার (১৮ অক্টোবর) রাত ৮টার দিকে বারুগঞ্জ উপজেলার কলেজ গেট এলাকার একটি ফার্মেসিতে রোগী দেখার সময় উপজেলা প্রশাসনের ডায়ামাগ আদালতের অভিযানে ধরা পড়েন তিনি। ডায়ামাগ আদালতে আলীমুল ইসলামকে ৫০ বছর কারাদন্ড দেওয়া হয়।

হাজার টাকা জরিমানা করা হয় এবং তার ব্যবহৃত চিকিৎসার সরঞ্জাম ও কাগজপত্র জব্দ করা হয়। চিকিৎসক হিসেবে নিজের যোগ্যতার প্রশ্নে বৈধ কাগজপত্র দেখাতে পারেননি বলে জানিয়েছেন উপজেলা প্রশাসন। প্রশাসন ও বিজ্ঞ সূত্রে

বরিশালে ছাত্রলীগের সশস্ত্র মিছিল ৭৩ জনের বিরুদ্ধে মামলা

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে নিমিষ সংগঠন ছাত্রলীগের সশস্ত্র মিছিলের ঘটনায় ৭৩ জনের বিরুদ্ধে মামলা করেছে পুলিশ। সোমবার (১৯ অক্টোবর) কোতোয়ালি মডেল থানার উপ-পরিদর্শক (এসআই) ফেরদৌস বাদী হয়ে এ মামলা করেন। এর আগে গত শনিবার সকালে বরিশাল নগরীর বাংলাবাজার এলাকায় সশস্ত্র অবস্থায় মিছিল করেন ছাত্রলীগের নেতাকর্মীরা। সে সময় একাধিক ককটেল বিস্ফোরণও ঘটান তারা। এতে করে আতঙ্কিত হয়ে পড়েন নগরীর বাসিন্দারা। মামলায় ১৩ জনের নাম উল্লেখ করে আরও ৫০ থেকে ৬০ জনকে অজ্ঞাত আসামী করা হয়েছে। নামধারী আসামিরা হলেন সাদ, মিরাক, লাদেন ২ এর পাতায় দেখুন

সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত.....

হ্যালো ৯৯৯

**‘মাদকের বিরুদ্ধে অ্যাকশনকে
অপরাধ হিসেবে দেখছি না’**

প্রতিদ্বন্দ্বী পদ থেকে পদত্যাগ করছেন প্রতিমন্ত্রী ইশরাক হোসেন। যে কারণে এমন অনাকাঙ্ক্ষিত ঘটনা সেটি নিয়ে বেশ হইচই বিভিন্ন মাধ্যম। গতকাল থেকে তার পদত্যাগের নির্দেশনার ব্রেকিং নিউজ দেয়ার সফলতার ঢেউরও তুলছে অনেক গণমাধ্যম। কিন্তু কাদের বিরুদ্ধে ইশরাকের এই অ্যাকশন তা নিয়ে কারো কথা নেই। গোটা রাত্রিই এখন গোলাপী বড়িলা মায়ারী বিষে জর্জরিত, অগ্নিতে গলিতে পাতার গন্ধে চলাচল দায়। নগর ছেড়ে কবেই এই মহামারী ছড়িয়েছে প্রত্যন্ত জনপদে। এখানেই মিলে যাচ্ছে সব কিছু। আসক্ত পরিবারের অহায়া স্বজনদের কান্না দেখার কেউ নেই। ভাগ্যেই সংসার, ছিনতাই- হত্যা- ধর্ষণ নিত্য দিনের ব্যাপার- এ ক্ষেত্রে বয়স কোন বিষয়ই না। আমরা কেবল সংখ্যা গুনি। সামর্থ্যবান পরিবারগুলোর সন্তানদের দিয়ে টই টুফুর রিহাব সেন্টারের বানিজ্য। কিন্তু আমরা অন্ধ!

যারা করার কথা তারা কোথায়? প্রতিদিন দু/চারশো পিছ এবং সেবন কারীদের ধরে ই বাহবাহ কুড়াতে মিডয়ার কাছে পাঠিয়ে দিচ্ছেন পোষাকধারীরা। ভাবটা এমন-যা বাবা ২ এর পাতায় দেখুন



নগরীর পূজামণ্ডপ পরিদর্শন করেন অ্যাড. মজিবর রহমান সরোয়ার এমপি -কীর্তনখোলা

দেশ ছেড়ে কেন প্রতিবেশী দেশে যাবেন এ মাটিই আপনাদের: বিভাগীয় কমিশনার



মঠবাড়িয়া প্রতিনিধি
শারদীয় দুর্গাপূজা উপলক্ষে পিরোজপুরের মঠবাড়িয়ায় এক পূজামণ্ডপ পরিদর্শনকালে সনাতন ধর্মাবলম্বীদের উদ্দেশে বরিশালের বিভাগীয় কমিশনার মো. খলিল আহমেদ বলেছেন, আপনারা কেন এই দেশ ছেড়ে প্রতিবেশী দেশে যাবেন? এখানে ভালো থাকবেন। আপনাদের পূর্বপুরুষেরা এই মাটিতে ছিলেন, আপনারাও আছেন, পরবর্তী প্রজন্মও থাকবে। মঠবাড়িয়া

উপজেলার গুলিসাখালী ইউনিয়নের কবুতরখালী গ্রামের দক্ষিণ অঞ্চলের সবচেয়ে বড় রাজমন্দির পূজামণ্ডপ পরিদর্শন করেন তিনি। এ সময় তিনি দর্শনাধী ও সনাতন ধর্মাবলম্বীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। মতবিনিময় সভায় বিভাগীয় কমিশনার বলেন, বাংলাদেশ সৌহার্দ্য ও সম্প্রীতির দেশ। এখানে সব সম্প্রদায়ের মানুষ মিলেমিশে বসবাস করছেন এবং নিজ নিজ ধর্ম পালন করছেন।

আমরা সবাই মানুষ। একে অপরের সুখ-দুঃখে পাশে থাকব। আমাদের সমাজ সৌহার্দ্য ও সম্প্রীতির এক অনন্য উপাহরণ। রাষ্ট্রের নাগরিক হিসেবে সব ধর্ম ও বর্ণের মানুষের সমান অধিকার রয়েছে। তিনি আরও বলেন, বর্তমান সরকার সব সময় সনাতন ধর্মাবলম্বীদের পাশে রয়েছে। আগের প্রতিটি পূজামণ্ডপে ৫০০ কেজি করে চাল দেওয়া হতো, এখন ৬০০ কেজি করে দেওয়া ২ এর পাতায় দেখুন

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য ঝালকাঠি জেলা: নলছিতি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, জেলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বারুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। অগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয় পৰ্যটকদের নিরাপত্তা নিশ্চিত করুন

কক্সবাজারের ইনানী এলাকায় গত শনিবার একটি রিসোর্টে অগ্নিকাণ্ডে ১০ পর্যটক পুড়ে মারা গেছে। ধারণা করা হচ্ছে, গ্যাসের সিলিডার থেকে আগুনের সূত্রপাত। ইট ও কাঠের তৈরি রিসোর্টটিতে মূর্ত্তই আগুন ছড়িয়ে পড়ে। সকালের দিকে ওই সময় অনেকেই ঘুমিয়ে ছিল, সেই অবস্থায় পুড়ে অঙ্গার হয়েছে তারা। নিহতদের মধ্যে ছয়জন একই পরিবারের সদস্য। মর্মান্তিক এ ঘটনায় নিহতদের পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাই। প্রকাশিত খবরে জানা যায়, রিসোর্টটির কোনো অনুমোদন ছিল না। পরিবেশ ছাড়পত্র না থাকায় পরিবেশ অধিদপ্তর গত ১৩ মে রিসোর্টটিকে এক লাখ টাকা জরিমানাও করেছিল। এ ছাড়া ছিল না অগ্নিনির্বাপণব্যবস্থাও। জানা যায়, আগুন লাগার পর যারা লাফ দিতে পেরেছে, তারাই প্রাণে বেঁচেছে। এ কারণে মৃত্যুর তালিকায় নারী ও শিশুরাই বেশি। দেশে যাচ্ছে, অব্যবস্থাপনার কারণেই এতগুলো মানুষকে পুড়ে মরতে হলো। আরো উল্লেখের খবর হলো, শুধু এই রিসোর্ট নয়, কক্সবাজারজুড়ে পাঁচ শতাধিক হোটেল-মোটেল ও গেস্টহাউস রয়েছে, কিন্তু বেশির ভাগেরই নেই আধুনিক অগ্নিনির্বাপণব্যবস্থা। অন্যদিকে এসব নগরসীমার দায়িত্বে থাকা সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কোরকার ব্যবস্থা নিচ্ছে না। এ বিষয়ে কক্সবাজার হোটেল-মোটেল ও গেস্টহাউস মালিক সমিতির সভাপতি আবুল কাশেম নিকদার বলেন, ‘আমাদের হোটেলগুলো অনেক আগে নির্মিত। তাই এখনকার মতো আধুনিক ব্যবস্থা নেই।’ অন্যদিকে ফায়ার সার্ভিস বিভাগ এ নিয়ে দায়সারা জবাব দিয়েছে। এই অবস্থায় কয়েকটি প্রশ্ন সামনে আসে, পর্যটনশিল্পের প্রসারে আমরা যখন বিনিয়োগ, অবকাঠামো নির্মাণ ও প্রচারপণার কথা বলছি, তখন পর্যটক ও কর্মীদের জন্য রক্ষায় নিশ্চয়তা কতটা দিতে পারছি? এ ছাড়া সংশ্লিষ্ট কর্তৃপক্ষ রিসোর্টটিকে আগেই সফট করেছিল, তাহলে পরবর্তী পদক্ষেপ কি ছিল? সতর্কবার্তার পরও যদি ঝুঁকি দূর না করে প্রতিষ্ঠান চালু রাখা হয়, তাহলে শুধু মালিকপক্ষ নয়, তদারকির ও আইন প্রয়োগের দায়িত্বে থাকা সংস্থাগুলোর ভূমিকাও খতিয়ে দেখা দরকার। আরো লক্ষ্যণীয় বিষয় হলো, এ ধরনের ঘটনার পর কিছুদিন সংশ্লিষ্ট ব্যক্তিদের তোড়জোড় দেখা যায়। কিন্তু কয়েক দিন যেতে না যেতেই আবারও একই অবস্থা। সংগত কারণেই এমন ঘটনাকে নিছক দুর্ঘটনা বলার সুযোগ নেই। শুধু কক্সবাজার নয়, খোঁজ নিলে দেশের অনেক হোটেল-রিসোর্টেও এমন ক্রটি পাওয়া যাবে। কাজেই পর্যটনশিল্পের বিকাশে এসব ক্রটি দূর করা একান্ত জরুরি। আমরা মনে করি, ইনানীর ঘটনার সূহ্ম তদন্তের মাধ্যমে দায়ীদের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ নিতে হবে। ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের ব্যবস্থা করতে হবে। একই সঙ্গে আগামী দিনে এ ধরনের ঘটনা রোধে দেশের হোটেল-রিসোর্টগুলোর নিরাপত্তাব্যবস্থা নিশ্চিত করা অপরিহার্য।

বরিশালে ভাড়া বাসা থাকে

তদ্রাশি করে ২০০ পিস ইয়াবা এবং মাদক বিক্রিতে ব্যবহৃত ইফিফিনিল এসব ৬৭২৫ মডেলের একটি স্মার্টফোন উদ্ধার করা হয়। অধিদপ্তর সূত্র জানায়, এ ঘটনায় ফ্রেফতার দুজনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর সংশ্লিষ্ট ধারায় বরিশাল কোতোয়ালি মডেল থানায় নিম্নতম মামলা করা হয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জানিয়েছে, মাদকবিরোধী অভিযান অব্যাহত থাকবে।

বরিশালের নদ-নদীতে নৌবাহিনীর অভিযান

টাকা। নৌবাহিনীর বানৌজা সফিয়ারার অভিযানের লক্ষ্যেচৌদ্দ কমাডার এস এম আব্দুল্লাহ আল মামুন বলেন, মা ইলিশের নির্যাতন প্রজনন ও বংশবিস্তার নিশ্চিত করতে নৌবাহিনীর অভিযান অব্যাহত রয়েছে। গত ২ অক্টোবর থেকে শুরু হওয়া মা ইলিশ সরবরক্ষ অভিযান চলবে আগামী ১৯ অক্টোবর পর্যন্ত। এ সময় ইলিশ আহরণ, পরিবহন, মজুত, ক্রয়-বিক্রয় ও বিনিময় নিষিদ্ধ। ইলিশের প্রজনন নির্বাহ্য রাখতে সন্মত, উপকূলীয় অঞ্চল ও অভ্যন্তরীণ নদ-নদীতে নৌবাহিনীর অভিযান অব্যাহত থাকবে।

ডিভাইসে হাত রাখলেই রোগ নির্ণয়

জানা গেছে, আলীমুল ইসলাম দীর্ঘদিন ধরে বরিশাল সদর, উত্তরপুর ও বাবুগঞ্জ উপজেলার বিভিন্ন এলাকায় রোগী দেখে আসছিলেন। বাবুগঞ্জের মধবপাশা বাজার ও বাবুগঞ্জ ডিগ্রি কলেজ এটা এলাকাতেও নিয়মিত রোগী দেখতেন তিনি। তার ব্যবস্থাপত্রে নিজের নামের আগে ‘ডা.’ লিখে চিকিৎসক পরিচয় দিতেন। ব্যবস্থাপত্রে এমবিএইচড (ভারত), ডিএমএফ (ঢাকা) এবং কলকাতার এনআরএস মেডিকেল কলেজে প্রশিক্ষণ নেওয়ার তথ্যও উল্লেখ ছিল। পাশাপাশি মেডিসিন, চর্ম, বোন ও আলার্জি রোগের চিকিৎসায় অভিজ্ঞ বলে দাবি করতেন তিনি। অভিযোগ রয়েছে, ল্যাপটপ ও বিশেষ ডিভাইস ব্যবহার করে রোগ নির্ণয়ের কথা বলে সাধারণ মানুষকে চিকিৎসা দিতেন তিনি। তার এসব যোগ্যতা ও কাগজপত্র যাচাই করতে গিয়ে সেগুলো ভুয়া বলে শনাক্ত করা হয়েছে বলে জানিয়েছে উপজেলা স্বাস্থ্য বিভাগ। যাচাইয়ে মিলেছে ভুয়া কাগজপত্র। খবর পেয়ে রোববার রাতে বাবুগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আসমা উল হুসনার নেতৃত্বে ডামামাণ আদালত কলেজ গেট এলাকার এনএএসএস ফার্মেসিতে অভিযান চালান। এ সময় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল কর্মকর্তা (আরএমও) তামিম মল্লিক ও মেডিকেল অফিসার তুর্ঘ্ব অধিকারী উপস্থিত ছিলেন। মেডিকেল অফিসার তুর্ঘ্ব অধিকারী বলেন, খবর পেয়ে ইউএনওর সঙ্গে ঘটনাস্থলে গিয়ে আলীমুল ইসলামের কাগজপত্র যাচাই করি। তার দেখানো কাগজপত্র ভুয়া বলে প্রমাণ পাওয়া গেছে। তিনি চিকিৎসার নামে মানুষের সঙ্গে প্রতারণা করে আসছিলেন। স্বাস্থ্য বিভাগ ও উপজেলা প্রশাসনের যৌথ উদ্যোগে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। ইউএনও আসমা উল হুসনা বলেন, চিকিৎসক না হয়েও চিকিৎসক পরিচয়ে চিকিৎসা দেওয়ার অভিযোগ পেয়ে অভিযান পরিচালনা করা হয়। আলীমুল ইসলাম ব্যবস্থাপত্রে নিয়ে নিজের নামের আগে চিকিৎসক পরিচয় ব্যবহার করছিলেন। কিন্তু তিনি বৈধ যোগ্যতার কাগজপত্র দেখাতে পারেননি। প্রায় ১৫ বছর ধরে এভাবে প্রতারণা করে আসছেন বলে তিনি স্বীকার করেছেন। ইউএনও আরও বলেন, তাকে প্রথমবারের মতো ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। ভবিষ্যতে চিকিৎসাসংক্রান্ত কোনো কার্যক্রমে জড়িত না হওয়ার শর্তে তাকে কারাদন্ড থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। এ সময় চিকিৎসায় ব্যবহৃত ডিভাইস ও ভুয়া কাগজপত্র জব্দ করা হয়। প্রত্যাকর ও ভুয়া চিকিৎসক আলীমুল ইসলাম বরিশালের উত্তরপুর উপজেলার বাঘেঘাট এলাকার আশ্চল আলী হাওলাদারের ছেলে বলে তার জাতীয় পরিচয় পত্র থেকে জানা গেছে।

স্বরাষ্ট্রমন্ত্রীর ব্যর্থতার বলি

জাতীয় নাগরিক পার্টি (এনপিপি) মুখ্য সংগঠক (দক্ষিণাঞ্চল) ও সসদ সদস্য হাসনাত আবদুল্লাহ। তিনি বলেছেন, স্বরাষ্ট্রমন্ত্রীর ব্যর্থতার বলি হচ্ছে বরিশার হোসেনদের। সোমবার নিজের ফেসবুক পোস্টে এসব কথা বলেন হাসনাত আবদুল্লাহ। পোস্টে হাসনাত আবদুল্লাহ প্রশ্ন তোলেন, একজন প্রতিমন্ত্রী হয়েও কেন ইশরাক হোসেনকে নিজেই অস্ত্র হাতে নিয়ে মাদকের বিরুদ্ধে রাস্তায় নামতে হলো। এ জন্য সরকারের কাছে জবাবদিহি চাওয়ায় প্রয়োজনীয়তার কথাও বলেন তিনি। হাসনাত বলেন, মাদক নিয়ন্ত্রণের দায়িত্ব স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন পুলিশ ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের। প্রতিষ্ঠানগুলো যথাযথভাবে দায়িত্ব পালন করলে একজন প্রতিমন্ত্রীকে কেন সরাসরি মাঠে নামতে হবে, সেই প্রশ্ন ওঠা স্বাভাবিক। তিনি বলেন, এই পরিস্থিতির দায় কি শুধু ইশরাক হোসেনের, নাকি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর ব্যর্থতারও দায় রয়েছে? যদি মাদক নিয়ন্ত্রণে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলো কার্যকর ভূমিকা রাখতে ব্যর্থ হয়ে থাকে, তাহলে সেই ব্যর্থতার দায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পাশাপাশি স্বরাষ্ট্রমন্ত্রীর ওপরও বর্তায়। একজন প্রতিমন্ত্রীকে সরিয়ে দেওয়াই যদি সমস্যার সমাধান হিসেবে বিবেচিত হয়, তাহলে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোর জবাবদিহি কীভাবে নিশ্চিত হবে-এমন প্রশ্নও তোলেন হাসনাত

আবদুল্লাহ। হাসপাতালের পরিচ্ছন্নতা তদারকিতে প্রধানমন্ত্রীর সরাসরি ভূমিকার প্রসঙ্গও পোস্টে টানেন তিনি। হাসনাত বলেন, হাসপাতালের পরিচ্ছন্নতা ও সেবার মান নিশ্চিত করার জন্য নির্দিষ্ট কর্তৃপক্ষ ও তদারকি ব্যবস্থা রয়েছে। সেই ব্যবস্থাগুলো যথাযথভাবে কাজ করলে প্রধানমন্ত্রীকে সরাসরি এসব বিষয় পরিদর্শনে যেতে হতো কি না, তা নিয়ে প্রশ্ন ওঠা স্বাভাবিক। এটি কেবল একটি হাসপাতালের পরিচ্ছন্নতার বিষয় নয়; বরং দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠানগুলো কতটা কার্যকরভাবে কাজ করছে, তারও প্রশ্ন। র্তার পরিচালনার প্রতিটি ক্ষেত্রে প্রধানমন্ত্রীকে নিজে তদারকি করতে হবে এবং প্রতিমন্ত্রীকে মাদক নিয়ন্ত্রণে নিজে রাস্তায় নামতে হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর দায়িত্ব ও কার্যকারিতা নিয়ে প্রশ্ন উঠবে বলে মন্তব্য করেন তিনি। হাসনাত আবদুল্লাহ আরও বলেন, স্বরাষ্ট্র মন্ত্রণালয় যদি এভাবেই পরিত্যলিত হতে থাকে এবং একসময় জনগণই যদি পরিস্থিতির প্রতিবাদে রাস্তায় নেমে আসে, তখন সরকার কী করবে? তখন কাকে পদত্যাগ করিয়ে দায় এড়ানোর চেষ্টা করবে? ব্যক্তিকে সরিয়ে দিয়ে সামরিকভাবে সংকট সামাল দেওয়া গেলেও প্রতিষ্ঠানিক ব্যর্থতার সমাধান হয় না উল্লেখ করে হাসনাত বলেন, র‍াষ্ট্রকে কার্যকর করতে দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠানগুলোর সক্ষমতা নিশ্চিত করা, ব্যর্থতার কারণ অনুসন্ধান এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের জবাবদিহির আওতায় আনা প্রয়োজন। অন্যথায়, একজনকে সরিয়ে দিয়ে সমস্যার মূল জায়গাটি আড়াল করা ছাড়া আর কিছু অর্জিত হবে না। পোস্টেও দেখানো হাসনাত লেখেন, দিনশেষে যের দখল, দুর্নীতি ও ঘুরের মামলায় সাধারণত্ব স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের ব্যর্থতার বলি হতে হবে জনাব ইশরাক হোসেনদের।

দলকে বিব্রত না করতেই

পাশাপাশি তিনি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নির্বাচনে অংশ নেওয়ার আশ্বাহের কথাও জানান। সোমবার দুপুরে জাতীয় প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা জানান। ইশরাক বলেন, ‘আজকের দিন (সোমবার) হতে প্রতিমন্ত্রীর পদ থেকে যেছাড়া অব্যাহতি চেষ্টেছি প্রধানমন্ত্রীর কাছে। প্রধানমন্ত্রীর সঙ্গে আলাপ করছি। আমি উম্মাকে বলি-আমি পদত্যাগ করতে চাই। আমার কারণে আপনার কর্মকাণ্ড স্থান না হয়ে যায়, দল না বিব্রত হয়। তবে মাদকের বিরুদ্ধে আমি যে শুরু করছি, তা যেন অব্যাহত থাকে।’ বিএনপির এই নেতা আরও বলেন, ‘আমি দু’চোখে বিশ্বাস করি, আমি সেদিন কোনো ভুল করিনি। এ সময় গণশাখায়ের ভূমিকা নিয়ে প্রশ্ন তোলেন ইশরাক। সংবাদ সম্মেলনে তিনি বলেন, ‘দুই-তিন দিন একটি বিষয় নিয়ে আলোচনা চলছে। দেশি বিদেশি গণমাধ্যমে এ নিয়ে অনেক কিছুটা সত্য, কিছুটা অতিরঞ্জিত। অনেকের মতামত বালোহে হয়েছে। আমাকে টাচেস্টি করা হয়েছে। আমাকে হেয় করা হয়েছে। দল ও বিব্রত হয়েছে।’ তিনি জানান, মাদককে নির্মূলনে মূল উদ্দেশ্য থেকে দূরে ঝিরা দিকে নেওয়া হয়েছে। তিনি বলেন, ‘জরি দখল করতে যাই নাই, চাঁদা উঠাইতেও যাই নাই, মাদক নির্মূলের উদ্দেশ্যে গিয়েছিলাম। আমার ব্যক্তিগত নিরাপত্তার জন্য একটি অ্যগ্রেজার সঙ্গে ছিল। অনাকাঙ্ক্ষিত ঘটনার আশঙ্কা থেকে আমি অ্যগ্রেজার হাতে নিয়েছিলাম।’ মুক্তিধর এলাকাকে মাদকের ডিলিভিউশন এরিয়া বা বিহার এলাকা হিসেবে উল্লেখ করেন। তিনি বলেন, ‘এলাকাবাসী এ নিয়ে অভিযোগও করে আসছিলেন। স্থানীয় লোকেরা ভয় থেকে মুখ খোলে না।’ এ সময় তিনি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নির্বাচন করার বিষয়ে আশ্বাহের কথাও জানান। এক প্রদেয় জয়গানে তিনি বলেন, ‘মোর পদে নির্বাচন করতে প্রস্তুত আছি। দল যদি আমাকে যোগ্য মনে করে মনোনয়ন দেবে, তবে অবশ্যই প্রার্থী হব।’ এর আগে অস্ত্র হাতে মাদকবিরোধী অভিযানে নেমে বিতর্কের জন্য দেওয়া মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রী ইশরাক হোসেনকে মন্ত্রিসভা থেকে পদত্যাগের নির্দেশ দেন প্রধানমন্ত্রী।

লাখ লাখ রোহিঙ্গা আশ্রয়

কারণে আশ্রয় দিয়ে বাংলাদেশে দীর্ঘদিন ধরে এক মারাত্মক সংকটের মুখোমুখি রয়েছে বলে জানিয়েছেন বরিশাল (উত্তর) সালাহউদ্দিন আহমদ। সোমবার (১৯ অক্টোবর) বিকেলে বাংলাদেশ সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অফিসরুদ্ধে মিয়ানমার বিরুদ্ধে জাতিসংঘ মহাসচিবের বিশেষ দূত জুলি ইসাবেল বিশপ সৌজন্য সাক্ষাৎ করতে এলে মন্ত্রী এমন মন্তব্য করেন। রোহিঙ্গে মিয়ানমারের বর্তমান রাজনৈতিক ও নিরাপত্তা পরিস্থিতি, বৈঠকে অংশ নিয়েছেন সার্বিক দিক এবং বাস্তব্র্যত জনগণের প্রত্যাশানুসর প্রক্রিয়া নিয়ে আলোচনা হয়। বৈঠকে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, মিয়ানমারের অভ্যন্তরীণ সংঘাতের কারণে বলপূর্ব্বক বাস্তব্র্যত লাখ লাখ মিয়ানমার নাগরিকদের মানবিক কারণে আশ্রয় দিয়ে বাংলাদেশে দীর্ঘদিন ধরে এক মারাত্মক সংকটের মুখোমুখি রয়েছে। তিনি এই সংকটের স্থায়ী ও টেকসই সমাধানের আন্তর্জাতিক সম্প্রদায়কে আরও কার্যকর ভূমিকা পালনের আহ্বান জানান। বিশেষ দূত জুলি বিশপ বর্তমান সংঘাতময় পরিস্থিতির কথা ভুলে ধরে জানান যে, সংঘাত বন্ধ করা এবং বেসামরিক নাগরিকদের সুরক্ষা নিশ্চিত করার জন্য তিনি সংশ্লিষ্ট সব পক্ষের সঙ্গে নিয়মিত যোগাযোগ ও কূটনীতি অব্যাহত রেখেছেন। বৈঠকে সীমান্ত অঞ্চলে ল্যান্ডমাইনের আধিক্য, মানব ও মাদকপণ্যের এবং এমএ অঞ্চলিক ও বৈশ্বিক প্রভাব নিয়ে উদ্বেগ প্রকাশ করা হয়। রোহিঙ্গাদের নিরাপত্ত, মর্যাদা এবং ষেছাড়া নিজ মাতৃভূমিতে প্রত্যাভিবেশের লক্ষ্যে রাজনৈতিক সল্যাপ ও পারস্পরিক সহযোগিতায় পরিবেশ তৈরির ওপর বৈঠকে গুরুত্বারোপ করা হয়। সাক্ষাতকালে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের রাজনৈতিক ও বিহিগামন অনুবিভাগের অতিরিক্ত সচিব ড. জিয়াউদ্দিন আহমেদ, রাজনৈতিক-১ অধিশাখার যুগ্মসচিব রেবেকা খান, জাতিসংঘের আবাসিক সমন্বয়ক ক্যারাল ফ্লোর-শ্চেরেজনয়াক, সিনিয়র পুলিশিচালক অ্যাফেয়ার্স অফিসার ডানকান কিম্ব উইলসন, ইউএনএচসিআরয়ের উপ-প্রতিনিধি জুলিয়েট মুরেকিয়সোনি প্রমুখ উপস্থিত আেরেন।

স্বৈরাচার ফেরার পথ খুললে

গণ-অভ্যুত্থান ও ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের শহীদদের সঙ্গে গান্দারি। প্রধানমন্ত্রী বলেন, ‘বিরোধী দল অবশ্যই বিরোধিতা করবে, তবে তা হতে হবে গঠনমূলক। বিরোধিতার জন্যই বিরোধিতা করার পুরোনো রাজনৈতিক সংস্কৃতি থেকে আমাদের বেরিয়ে আসতে হবে।’ সোমবার রাজধানীর ওসমানী উদ্যানে জুলাই গণ-অভ্যুত্থানে শহীদদের স্মরণে নির্মিত ‘জুলাই স্মৃতিস্তম্ভ’ ও আদিনিয়াকিত ওসমানী উদ্যানের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, জনগণের ভোটে বিএনপি সরকার পরিচালনার দায়িত্ব পেয়েছে। অন্য রাজনৈতিক দলগুলো বিরোধী দলের দায়িত্ব পেয়েছে। সসদের সরকারি দল ও বিরোধী দলের মূল দায়িত্ব হচ্ছে দেশের স্বার্থ ও জনগণের কল্যাণ নিয়ে আলোচনা ও যুক্তিতর্ক উপস্থাপন এবং সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে তা বাস্তবায়িত করা। প্রধানমন্ত্রী বলেন, ‘সরকার চেষ্টা করছে দেশের মানুষের ভাগ্যের পরিবর্তন ঘটাতে। জনগণের ভোট নিয়ে আপনারা যেমন বিরোধী দলের আসনে বসেছেন, আমরাও জনগণের সর্মথন নিয়ে সরকার পরিচালনার দায়িত্বে রয়েছি। সরকারি দল মানিয়ে জনগণের প্রতিনিধিত্ব করে না, আর বিরোধী দলই শুধু জনগণের প্রতিনিধিত্ব করে-এমন ধারণা থেকে বেরিয়ে আসা উচিত।’ বিরোধী দলের নেতাদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী বলেন, জুলাই গণ-অভ্যুত্থানে শহীদ ও আহতদের পরিবারের সদস্যদের সমান জানাতে সরকার আয়োজিত অনুষ্ঠানে বিরোধী দলের নেতাদেরও আমন্ত্রণ জানানো হয়েছিল। সরকারের সঙ্গে রাজনৈতিক দৃষ্টান্ত থাকলেও জুলাইয়ের শহীদ পরিবার ও আহত যোদ্ধাদের পাশে এসে দাঁড়ানোর সুযোগ ছিল তাদের। প্রধানমন্ত্রী বলেন, জুলাইয়ের শহীদ ও আহতদের আত্মত্যাগের মধ্য দিয়ে যারা রাজনৈতিক পরিচিতি পেয়েছেন, তাদের প্রতি সম্মান জানাতে সবারই এগিয়ে আসা উচিত। জুলাই গণ-অভ্যুত্থানের চেতনাকে ধারণ করার অর্থ হচ্ছে, সেই আদোলনে আগত্যাগকারীদের পাশে থাকা এবং তাদের আকাঙ্ক্ষা বাস্তবায়নে কাজ করা। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশে জাতীয়তাবাদী দলের (বিএনপি) প্রতিষ্ঠাতা শহীদ রষ্ট্রপতি জিয়াউর রহমান এ দেশে মহদলীয় গণতন্ত্রের প্রবর্তক এবং সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া সংবাদী গণতন্ত্রের সূচনা করেছিলেন। প্রধানমন্ত্রী বলেন, গণতন্ত্রের চর্চা অব্যাহত রাখতে হলে রাজনৈতিক দলগুলোর মধ্যে মতপার্থক্য থাকলেও জাতীয় স্বার্থে একাবদ্ধভাবে কাজ করতে হবে। সবাই সব বিষয়ে একমত না হতে পারাটাই গণতন্ত্রের স্বাভাবিক বৈশিষ্ট্য উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, ‘তবে দেশের মানুষের কর্মসংস্থান, নিরাপত্তা, স্বাধীনতা, চিকিৎাসেবা এবং ভবিষ্যৎ প্রজন্মের শিক্ষার মতো মৌলিক বিষয়ে আমাদের একমত হওয়ার সুযোগ রয়েছে।’ ওসমানী উদ্যানে আধুনিকায়ন প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, মানুষের প্রয়োজন ও দেশের উন্নয়নের জন্য অবকাঠামো নির্মাণ করতে হবে। তবে স্থাপনা নির্মাণের ক্ষেত্রে প্রকৃতির ক্ষতি যতটা সম্ভব কমিয়ে আনার বিষয়ে সংশ্লিষ্টদের সচেতন থাকতে হবে। সম্প্রতি রাজধানীর বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান, সরকারি হাসপাতাল এবং সরকারি কর্মকর্তা-কর্মচারীদের আবাসস্থল পরিদর্শনের অভিজ্ঞতা

ভুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর পরিচ্ছন্নতার অবস্থা তুলনামূলক ভালো হলেও সরকারি হাসপাতাল ও আবাসিক এলাকাগুলোতে পরিচ্ছন্নতা বজায় রাখার ক্ষেত্রে আরও মনোযোগ প্রয়োজন।

উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে

তিনি প্রধানমন্ত্রী তারেক রহমানের জন্য দোয়া কামনা করে বলেন,আমরা বিভাজনের নয়, সাম্প্রদায়িক সম্প্রীতির ও উন্নয়নের রাজনীতি করি। তাই আপামীতে সুন্দর ও উন্নত কাউখালী গড়তে উপজেলার যেকোনো উন্নয়নমূলক কর্মকাণ্ড,মাদক নির্মূল এবং আইনশৃঙ্খলা রক্ষায় পুলিশ ও প্রশাসনকে তথ্য দিয়ে সহায়তা সহ সকলের সহযোগিতা কামনা করেন। একইসাথে যেসব মন্দিরে সংস্কার কাজ প্রয়োজন,তা অনতিবিলম্বে উপজেলা নির্বাহী অফিসারকে(ইউএনও) অবহিত করার জন্য নির্দেশনাও প্রদান করেন। এ সময় উপজেলার ২৫টি দূর্গা মন্দিরে, মন্দির কমিটির দায়িত্বশীলদের মাধ্যমে দরিদ্র, অসহায় ও প্রতিবন্ধী ১৭৫ জন নারীকে শাড়ি ও ৭৫ জন পুরুষকে দুগ্দি প্রদান করা হয়। উপজেলা নির্বাহী অফিসার রেহেনা আক্তারের সভাপতিত্বে ও উপজেলা প্রশাসনের আয়োজনে গতকাল সোমবার উপজেলা হলকক্ষে এ বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়। ?উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, অবসরপ্রাপ্ত মহাপরিচালক(বিশারদবি)? সুপ্রিয় কুমার কুন্ডু,কাউখালী থানার অফিসার ইনচার্জ আনোয়ার হোসেন, উপজেলা বিএনপির সভাপতি এস এম আহসান করির, সাধারন সম্পাদক এইচ এম ছান মোহাম্মদ দাশু। অন্যান্যের মধ্যে আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাউখালী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক শফিউল আজম দুলাল ও সাংগঠনিক সম্পাদক লিয়াকত হোসেন তালুকদার সহ উপজেলার বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা,উপজেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ এবং উপজেলার ২৫টি পূজা মন্ডলের দায়িত্বশীল সদস্যগণ। পরিস্থে অনুষ্ঠানের সভাপতি উপজেলা নির্বাহী অফিসার রেহেনা আক্তার উপজেলার প্রতিটি পূজামণ্ডপে নিশ্চিন্ত নিরাপত্তা ও সার্বিক তদারকির পূর্ণ নিশ্চয়তা প্রদান করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

দেশ ছেড়ে কেন প্রতিবেশী দেশে যাবেন

হচ্ছে। পূজামণ্ডপগুলোতে আর্থিক সহায়তা ও সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে সরকার নির্দেশনা দিয়েছে। মঠবাড়িয়া উপজেলার ৭৯টি পূজামণ্ডপে শান্তিপূর্ণ ও উৎসবমুগুর পরিবেশে দুর্গোৎসব উদ্‌যাপনের জন্য সংশ্লিষ্ট সবাইকে গুরুত্বের সাথে নিয়োগ কমিশনার। এ সময় পিরোজপুরের জেলা প্রশাসক মো. মোহাম্মদ রবানী, মঠবাড়িয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আতাউর রাকিব, সহকারী কমিশনার (ভূমি) এস এম আলমামিন, মঠবাড়িয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রবিনুল ইসলামমহ বিএনপির স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। চিকিৎসক ডা. সুনীল হালদারের বাড়িতে অবস্থিত রাজমন্দির পূজামণ্ডপ পরিদর্শনে বিভাজীয়া কমিশনারের সঙ্গে তার পরিবারের সদস্যরাও ছিলেন।

মাদকের বিরুদ্ধে অ্যাকশনকে

করলামতো। আর অন্য দিকে সেই মুষ্টি দিয়ে সংখ্যাটিই সত্তাহ না গুলতেই জামিনে বের হয়ে অপর্যবেক মাত্রা আরো বাড়িয়ে দেয়। একটু খোজ খবর বাদের কাছে আছে তারা সবাই জানেন, এ সব অন্যচাতারের পিছনেই অন্যতম কারন মাদক !!!

মাদক নিয়ন্ত্রণে খাটতে সংখ্যাটি একেবারে কম নয়, এর পিছনে লোকবলের রবেশ ভাতাও যাচ্ছে জনগনের ট্যাক্সের পয়সায়। কিন্তু গরমের কি তা আমরা সবাই জানি। এমন প্রেক্ষাপটে একজন জনপ্রতিনিধি নিজ উদ্যোগে যে একশন এবং এলাকাবাসিকে মাদক নির্মূলে যে আশাবা বানী ভনিয়েছেন সেটাকে আমি স্যা্লুট করি। তবে এটাও ঠিক, একজন মন্ত্রী /এমপি/ক্ষমতাসিনদলের নেতা হিসেবে সংশ্লিষ্টদের দিয়ে মাদক নির্মূল করে অন্তত: তার এলাকায় দৃষ্টান্ত রাখতে পারলে আরো ভালো হতো।

মাহবুব সৈকত, মিডিয়া ব্যক্তিত্ব

চাঁদা আদায় নিয়ে বিরোধে জেলেনের

একটি আড়তঘর তৈরি করে মাছের ব্যবসা করে আসছিলেন। তার বিরুদ্ধে জেলেনের নির্যাতন, চাঁদা আদায় এবং মাছ ও জাল ছিনিয়ে নেওয়ার একাধিক অভিযোগ রয়েছে। এসব কর্মকাণ্ডে অতিষ্ঠ হয়ে পড়েছিলেন স্থানীয় জেলেরা। জেলেরা জানান, এসব অভিযোগের পরিস্রোক্ষতে গত শনিবার তারা জামাল পালোয়ানকে আটক করেন। পরে তাকে জয়ন্তী নদীর নোমরাহাট খেয়াঘাটের দক্ষিণ পাড়ে নিয়ে মারমর করা হয়। এরপর তাদের পুলিশের হাতে ভুলে দেওয়ার চেষ্টা করেন জেলেরা। তবে স্থানীয় এক বিএনপি নেতার সুপারিশে পরবর্তী সময়ে তাকে ছেড়ে দেওয়া হয়। স্থানীয় জেলে সরোয়ার হোসেনের অভিযোগ, ওই ঘটনার প্রতিশোধ নিতে রোববার তার চট্টার দিকে জামাল পালোয়ান ও তার সহযোগী শ্বপন পালোয়ানসহ ৮ থেকে ১০ জনের একটি দল অস্ত্রশস্ত্র নিয়ে জয়ন্তী নদীতে জেলেনের ওপর অতর্কিত হামলা চালায়। এ সময় তারা ৩২ থেকে ৩৫টি হাতবোমা নিক্ষেপ করেন। বিকট শব্দে পুরো এলাকার আতঙ্ক ছড়িয়ে পড়ে। বোমার বিস্ফোরণে ঘটনাস্থলেই পাঁচজন রক্তাক্ত ও দম্ভ হন। পরে স্থানীয় লোকজন এগিয়ে এসে আহতদের উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। সেখানে অবস্থার অবনতি হওয়ায় ট্রান্সপালক আজিলুজ থাকে ঢাকার জাতীয় বার্ন ও প্রানিক সার্জারি ইনস্টিটিউটে পাঠানো হয়। জেলে জহিরুল ইসলামকে উন্নত চিকিৎসার জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক শফিকুল ইসলাম

শোভান জানান, আহত ব্যক্তিদের শরীরের বিভিন্ন স্থানে আশঙ্কাজনকভাবে পুড়ে গেছে। তাদের মধ্যে দুজনকে উন্নত চিকিৎসার জন্য অন্য হাসপাতালে পাঠানো হয়েছে। একজনকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। বাকি দুজন প্রাথমিক চিকিৎসা নিয়েছেন। আহত জেলে জাকির হোসেন বলেন, ঘটনার পর থেকে নোমরাহাট ও জয়ন্তী নদীসংলগ্ন এলাকায় সাধারণ জেলেনের মধ্যে তীব্র আতঙ্ক ও ক্ষোভ বিরাজ করছে। তারা এ ঘটনায় জড়িত ব্যক্তিদের দ্রুত গ্রেপ্তারের দাবি জানিয়েছেন। একই সঙ্গে জামাল পালোয়ানসহ হামলাকারীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার আহ্বান জানিয়েছেন তারা। এ বিষয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার মো. শোহেল রানা জানান, জেলেনের পক্ষ থেকে লিখিত অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে এবং মামলা দায়ের করা হবে। এরই মধ্যে ঘটনার সঙ্গে জড়িত ব্যক্তিদের গ্রেপ্তারে পুলিশের অভিযান শুরু হয়েছে।

বরিশালে ছাত্রলীগের সশস্ত্র মিছিল

রাতুল, রাকিব, আবু বকর সিদ্দিক, রাশেদুল ইসলাম, ফয়সাল আহমেদ মুন্না, তারিকুল ইসলাম রাজা, উজ্জ্বল, খোকা, সীমান্ত ও ইব্রাহিম। তারা সবাই ছাত্রলীগের সাবেক নেতাকর্মী। তবে এ ঘটনায় এখন পর্যন্ত কাউকে গ্রেফতার করা যায়নি। নগরীর সদর রোডের বাসিন্দা রমিজ হাওলাদার বলেন, বরিশালে আইনশৃঙ্খলা পরিস্থিতি যে খুবই দুর্বল, তার অন্যতম উদাহরণ একের পর এক ছাত্রলীগের মিছিল ও সমাবেশ। ঢাকার বারেরে একমাত্র বরিশাল নগরীতেই একাধিক মিছিল ও সমাবেশ করছেছে ছাত্রলীগ ও যুবলীগের সদস্যরা। পুলিশের দুর্বল ভূমিকায় আওয়ামী লীগের নেতাকর্মীরা এসব কর্মসূচি করার সাহস পাচ্ছেন বলেও অভিযোগ করেন তিনি। এ বিষয়ে কোতোয়ালি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো মনিরুল ইসলাম বলেন, ছাত্রলীগের মিছিল করার ঘটনায় মামলা করা হয়েছে। আসামিদের গ্রেফতার করতে অভিযান চলছে।

শুষ্ক মৌসুমে অগ্নিকাণ্ডের ঝুঁকি

১৩ নির্দেশনা ফায়ার সার্ভিসের

কীৰ্ত্তনখোলা ডেস্ক
শুষ্ক মৌসুমে অগ্নিদুর্ঘটনার ঝুঁকি এড়াতে সবাইকে সতর্ক থাকার আহ্বান জানিয়েছে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স। অসাবধানতা ও অসচেতনতার কারণে অগ্নিকাণ্ডের ঝুঁকি বেড়ে যায় উল্লেখ করে সংস্থাটি অগ্নিনিরাপত্তা নিশ্চিত করতে ১৩টি নির্দেশনা মেনে চলার পরামর্শ দিয়েছে। সোমবার (১৯ অক্টোবর) ফায়ার সার্ভিস সদর দপ্তর থেকে পাঠানো এক সচেতনতামূলক বার্তায় এসব নির্দেশমার কথা জানানো হয়। নির্দেশনায় বলা হয়েছে, অগ্নিদুর্ঘটনা প্রতিরোধে ‘অগ্নি প্রতিরোধ ও নির্বাণপ আইন, ২০০৩’ এবং এ-সংক্রান্ত অন্যান্য আইন ও বিধিমালা অনুসরণ করতে হবে। ভবন নির্মাণের সময় অগ্নিনিরাপত্তা পরিকল্পনা গ্রহণ এবং পরিকল্পনায় উল্লেখিত শর্ত যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। রান্নার ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বনের পরামর্শ দিয়ে ফায়ার সার্ভিস জানিয়েছে, রান্না ঘেমে চুলা ও গ্যাসের সংযোগ বন্ধ রাখতে হবে। গ্যাসের চুলা নেভাতে হুঁ দেওয়া যাবে না; চুলার নব ভালোভাবে বন্ধ করতে হবে। চুলা ভালোভাবে আগুে রান্নাঘরের দরজা-জানালা খুলে পর্যাপ্ত বায়ু চলাচল নিশ্চিত করতে হবে। রান্নাঘরে গ্যাস জমে থাকলে চুলা জ্বালানো অত্যন্ত বিপজ্জনক। এ ছাড়া বৈদ্যুতিক সংযোগ, তার, সুইচ ও যন্ত্রপাতি নিয়মিত পরীক্ষা করার পরামর্শ দেওয়া হয়েছে। ক্রটিপূর্ণ বৈদ্যুতিক তার ব্যবহার এবং অতিরিক্ত বৈদ্যুতিক লোড এড়িয়ে চলতে হবে। ধূমপানের ক্ষেত্রেও সতর্ক থাকার আহ্বান জানিয়েছে সংস্থাটি। বিড়ি-পিগারেটের জ্বলন্ত অংশ সম্পূর্ণ নিভিয়ে নির্ধারিত নিরাপদ স্থানে ফেলতে হবে। শিশুদের আগুন, দিয়াশলাই ও লাইটার নিয়ে খেলতে দেওয়া যাবে না। দাহ্যবস্তুর গুদামে খোলা বাতি ও মশার কয়েল ব্যবহার থেকেও রিহত থাকতে হবে। ফায়ার সার্ভিসের নির্দেশনায় আরও বলা হয়েছে, বাসবাড়ি, কলকারখানা ও ব্যবসাপ্রতিষ্ঠানে প্রয়োজন অনুযায়ী অগ্নিনির্বাপণ যন্ত্র রাখতে হবে। এসব যন্ত্রের ব্যবহার সম্পর্কে ধারণা অর্জনের পাশাপাশি নিয়মিত অগ্নিনিরাপত্তা মহড়ার আয়োজন করতে হবে। অগ্নিপ্রতিরোধ, অগ্নিনির্বাপণ, উজারকাজ ও প্রাথমিক চিকিৎসাবিষয়ক প্রশিক্ষণ দিতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সহযোগিতা নেওয়ার পরামর্শও দেওয়া হয়েছে। দীর্ঘদিন বন্ধ থাকা ফ্লাট, বসতঘর বা প্রতিষ্ঠানে গ্রহণেশের পর দরজা-জানালা খুলে বাতাস চলাচলের সুযোগ দিতে হবে। গ্যাসের গন্ধ পাওয়া গেলে বা গ্যাস জমে থাকার আশঙ্কা থাকলে বৈদ্যুতিক সুইচ, আগুন কিংবা দিয়াশলাই জ্বালানো যাবে না। এ ধরনের পরিস্থিতিতে নিরাপদ স্থানে সরে গিয়ে জরুরি সহায়তা নিতে হবে। হোটেল ও রেস্তোরাঁয় গ্যাস সিলিডার, গ্যাসের চুলা এবং বৈদ্যুতিক সংযোগ নিয়মিত পরীক্ষা করার পাশাপাশি অগ্নিনিরাপত্তাবিধি যথাযথভাবে অনুসরণের পরামর্শ দিয়েছে ফায়ার সার্ভিস। জরুরি পরিস্থিতিতে দ্রুত সহায়তা পেতে নিকটস্থ ফায়ার স্টেশনের যোগাযোগ নম্বর সরবক্ষণ করতে বলা হয়েছে। প্রয়োজনে ফায়ার সার্ভিসের হটলাইন ১০২ অব্যাহ জাতীয় জরুরি সেবা ৯৯৯-এ যোগাযোগ করার পরামর্শ দেওয়া হয়েছে। ফায়ার সার্ভিসের বার্তায় বলা হয়, অগ্নিদুর্ঘটনা থেকে সুরক্ষার সর্বোত্তম উপায় হলো প্রতিরোধ। তাই অগ্নিনিরাপত্তা নিশ্চিত করতে সচেতন হওয়ার পাশাপাশি নিরাপত্তাবিধি মেনে চলা এবং জরুরি পরিস্থিতি মোকাবিলায় প্রস্তুত থাকা প্রয়োজন।

কবীর্ভনাখাণা

আখতারউল্লাহ প্রাচীন

কিশোরীদের স্বাস্থ্য সুরক্ষা ও বাল্যবিবাহ

মাধ্যমে নারীদের অর্থনৈতিকভাবে শক্তিশালী করার পাশাপাশি মেয়েদের শিক্ষার সুযোগ সম্প্রসারণ ও উপবৃত্তি প্রদানের উদ্যোগ নেওয়া হয়েছে। মেয়েরা যেন শিক্ষার মাধ্যমে নেতৃত্ব দিতে পারে, সে পরিবেশ নিশ্চিত করতে হবে। তিনি বলেন, কিশোরীদের সুস্থ বিকাশ ও নিরাপদ ভবিষ্যৎ নিশ্চিত করতে প্রজননস্বাস্থ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধি, স্বাস্থ্যসেবা নিশ্চিত এবং শিক্ষার প্রতি গুরুত্ব দিতে হবে। পাশাপাশি বাল্যবিবাহের ক্ষতিকর প্রভাব সম্পর্কে পরিবার ও সমাজকে সচেতন করে তুলতে হবে। এ সময় তিনি পাথরঘাটায় মাদক, চান্দবাড়ি, দখলদারত্ব ও সন্ত্রাসের বিরুদ্ধে কঠোর অবস্থানের কথা তুলে ধরেন। বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের ‘স্ট্রেংথেনিং পার্লামেন্টস ক্যাপাসিটি ইন ইউট্রেশন অভ পপুলেশন অ্যান্ড ডেভেলপমেন্ট ইস্যুস (এসপিপিপিডি)’ প্রকল্প, ইউএনএফপিএ এবং পাথরঘাটা উপজেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠিত কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন সংসদ সদস্য রফিকুল ইসলাম জামাল। জাতীয় সংসদ সচিবালয়ের বিএন্ডআইটি অনুবিভাগের মহাপরিচালক আ ন ম খলিলপুর রহমানের সভাপতিত্বে কর্মশালায় বরগুনা জেলার পুলিশ সুপার, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) অনিমেঘ বিশ্বাস, সংসদ সচিবালয়ের যুগ্মসচিব মো. আল মামুনসহ সংশ্লিষ্ট কর্মকর্তা ও গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

আগেলঝাড়ায় মন্দিরের ট্রান্স ভেঙে

নিয়ে যায়। স্থানীয় বাসিন্দা মিলন দত্ত জানান, সকালে মন্দিরে পূজা দিতে গিয়ে তিনি দরজার রত ও ভেতরে থাকা স্টিলের ট্রান্স ভাঙা অবস্থায় দেখতে পান। পরে বিষয়টি আশপাশের লোকজনকে জানান। মন্দিরের সভাপতি নিখিল দাস জানান, মন্দিরটি পতিহারে সড়কের পাশে অবস্থিত। এর আশপাশে কোনো বাড়িধর নেই। এই সুযোগে দুর্বৃত্তরা মন্দিরের লোহার দরজা ও স্টিলের ট্রান্স ভেঙে চুরি করে। তিনি আরও জানান, চুরি হওয়া জিনিসপত্রের মধ্যে রয়েছে মগদ টাকা, ১০ কেজি ওজনের পিতলের ঘণ্টা, পূজার উপকরণ, কাঁসা, পিতলের কলসি, থালা, যুড়ি, বাটি, গ্রান্স, পাজান, প্রদীপ ও দানবাল্লের টাকা। এ ঘটনায় প্রায় লোকধিক টাকার ক্ষতি হয়েছে বলে দাবি করেন তিনি। আশেলঝাড়ো থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মাসুদ খান বলেন, ‘চুরির খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করেছি। তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে’।

‘গুধু জিপিএ-৫ পেলেই হবে না, শুদ্ধাচার ও স্বাস্থ্যের

তোমাদের সাফল্য ধরে রাখতে হবে এবং নিজেদের দক্ষতা বাড়াতে হবে।’ শিক্ষার্থীদের উদ্দেশ্যে জিয়াউদ্দিন হায়দার আরও বলেন, দেশের জনসংখ্যাকে সম্পদে পরিণত করতে হবে স্বাস্থ্য, পুষ্টি ও শুদ্ধাচারের ওপর গুরুত্ব দিতে হবে। কিশোর-কিশোরীদের স্বাস্থ্য ও পুষ্টির উন্নয়নে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া জরুরি। পুষ্টিকর খাবারের চাহিদা পূরণে বাড়ির আভিযায় সবজি চাষ এবং হাঁস-মুরগি পালনের ওপরও গুরুত্বপূর্ণ করেন তিনি। তিনি বলেন, দক্ষতাভিত্তিক শিক্ষাব্যবস্থা গড়ে তুলতে হবে। নিজেদের পাশাপাশি অন্য ভাইবোনদেরও সঙ্গে নিয়ে কাজ করতে হবে, যাতে সবাই মিলে সামনে এগিয়ে যেতে পারে। শিক্ষার্থীদের মধ্যে যাদের বিশেষ প্রতিভা রয়েছে, তাদের প্রতিভা বিকাশের সুযোগ নিশ্চিত করার বিষয়েও গুরুত্ব দেন তিনি। এ বিষয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলবেন বলেও জানান। পরিষেে পরিচ্ছন্ন রাখাখা আহ্বান জানিয়ে জিয়াউদ্দিন হায়দার বলেন, নির্দিষ্ট স্থান ছাড়া যেখানে-সেখানে ময়লা ফেলা যাবে না। বাড়ির আভিনাসহ আশপাশের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। পাশাপাশি ময়লা-আবর্জনার ক্ষতিকর দিকগুলো সম্পর্কে মানুষকে সচেতন করতে হবে। শিক্ষার্থীদের জেজুল-ভাষায় কামনা করে তিনি বলেন, তাদের সাফল্যের রাস্যাবাহিত্যতা বজায় রাখতে হবে। নিজেদের যোগ্যতাও সেখা দিয়ে ঝালকাঠিকে বজায় রাখতে করতে হবে। জেলা প্রশাসক মো. মর্শিন উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝালকাঠি-২ আসনের সংসদ সদস্য ইসরাত সুলতানা। ইলিন ভূট্টো। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝালকাঠির পুলিশ সুপার মেরিন সুলতানা, জেলা পরিষদের প্রশাসক আ্যভতোকট মো. শাহাদাৎ হোসেন, সিভিল সার্জন ডা. মোহাম্মদ হুমায়ুন কবীর এবং জেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মো. আবু ছাইদ। জেলা প্রশাসনের আয়োজনে এবং জেলা পুষ্টি ও উপজেলা পরিষদের সহযোগিতায় অনুষ্ঠিত এ আয়োজনে এসএসসি ও সমমান পরীক্ষায় জিপিএ-৫ পাওয়া ২২০ জন শিক্ষার্থীকে স্ববর্ণনা দেওয়া হয়। পাশাপাশি মাধ্যমিক শিক্ষার মানোন্নয়ন, শিক্ষার্থীদের সাফল্য ধরে রাখা এবং শিক্ষার গুণগত মান বৃদ্ধিতে করণীয় বিষয়ে আলোচনা করা হয়।

বরিশালে কমেছে সবজি দাম, মাছ

শীতকালীন সিম ৯০-১০০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। এসব সবজি আবার খুচরা বাজারে ২০ থেকে ৬০ টাকা পর্যন্ত বেশি দামে বিক্রি করতে দেখা গেছে। বাংলাবাজারে আসা ক্রেতা ছাইদুল বলেন, কয়েকদিন ধরে সবজির দাম কিছুটা কমলেও মাছের বাজারে আঙন। নিজেদের নদ-নদীর মাছের দামও যদি নাগালের বাইরে থাকে তাহলে সাধারণ মানুষ কি কিনে খাবে। এজন্য নিয়মিত বাজার মনিটরিং দরকার। আরেক ক্রেতা ফরহান বলেন, আসলে দাম কমানো বা বাড়ানো এটা সম্পূর্ণ ব্যবসায়ীদের কারসাজি। যখন বৃষ্টির সিজন ছিল তখন বপাছে বৃষ্টির কারণে সরবরাহ কম তাই দাম বেশি। আরও এমন গুনাখি পরিবহন খরচ বৃদ্ধি পাওয়ায় দাম বেড়েছে। নগরীর বহুমুখী সিটি মার্কেট পাইকারি বাজারের দাম কিছুটা কমেলেও মাছের বাজারে আঙন এক ব্যবসায়ী বলেন, দাম কমানো ও বাড়ানোর বিষয়ে এখানকার ব্যবসায়ীদের কোনো হাত নেই। এখানে ব্যবসায়ীরা পন্য কিনে আনার পর যেমন কেনা মেমনা বিক্রি করেন। এদিকে নগরীর পোর্ট রোড পাইকারি মাছ বাজারে গিয়ে দেখা গেছে সাধারণ মানুষের হিমশিম অবস্থা। ব্যবসায়ীরা বলছে, নদীর মাছের সরবরাহ না থাকায় চাহিদা ও দাম দুটোই বেড়েছে চাষের মাছের। সত্তাহ ব্যবধান আকার ও প্রকারভেদে বিভিন্ন মাছের দাম কেজিতে ৫০-১০০ টাকা পর্যন্ত বেড়েছে। এতে পছন্দের মাছ কিনতে না পারার অক্ষেপ ক্রেতাদের কষ্টে। জাহিদুল নামে এক ক্রেতা বলেন, এক কেজি চিংড়ি মাছ ৫৫০ থেকে ৬০০ টাকায় কিনেছি। এখন সেই চিংড়ি মাছ ১৩০০ টাকা পর্যন্ত বিক্রি হচ্ছে। একইভাবে অন্যান্য মাছের দামও বেড়েছে। ফলে চাহিদা অনুযায়ী পছন্দের মাছ কিনতে না পেরে তেঁলাপিয়া ও পাঙ্গাশ মাছ কিনতে হয়। এদিকে কিছুটা বন্ধি রয়েছে মুরগির বাজারে। কিছু দিন ধরে প্রতি কেজি ব্রহ্মার ১৭০-১৭৫ টাকা, দেয়ার ৩৪০, আর সোনালি মুরগি বিক্রি হচ্ছে ২৯০ টাকায়। তবে অপরিস্রবিত রয়েছে গরু ও খাসির মাসের দাম।

স্বাধীনভাবে নিজ ধর্ম পালনের অধিকার

অতিথির বক্তব্যে বর্তমান সরকারের গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী আহাম্মদ সোহেল মনজুর (সুমন) এমপি এ কথা বলেন। তিনি আরো বলেন, শারদীয় দুর্গোৎসব যেন প্রতিটি পূজামণ্ডপে সৃষ্ট ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হতে পারে সে জন্য প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পক্ষ থেকে যথাযথ ব্যবস্থা নেওয়া হয়েছে। পাশাপাশি পূজামণ্ডপের দায়িত্বপ্রাপ্ত নেতৃবৃন্দ দেরকেও সার্বিক বিষয়ে সতর্ক থাকার আহ্বান জানাচ্ছে। এ এলাকাকে মাদকমুক্ত ও সন্ত্রাসমুক্ত রাখতে জনগণের সার্বিক সহযোগিতা প্রয়োজন। কোথাও কোনো অনিয়ম, দুর্নীতি বা আইনশৃঙ্খলাসংক্রান্ত সমস্যা দেখলে নির্ভয়ে প্রশাসনকে কিংবা সরাসরি আমাকে জানানেন। তথ্যদাতার গোপনীয়তা রক্ষা করে দ্রুত ব্যবস্থা নেওয়া হবে বলেও জানান তিনি। পরে উপজেলার সকল পূজা মন্দির ও মন্ডরের সভাপতির হাতে বর্তমান প্রধানমন্ত্রীর পক্ষ থেকে এবং প্রতিমন্ত্রীর ব্যক্তিগত পক্ষ থেকে শারদীয় দুর্গাপূজা উপলক্ষে নগদ অর্থ এবং কিছু বস্ত্র বিতরণ করেন। এ উপলক্ষ্যে এক আলোচনা সভায় উপজেলা ও পৌর প্রশাসক ইউএনও মো. হানিফুর হোসান এর সভাপতিত্বে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, ভাড়াটার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) দেওয়ান জগদুল হসান, গ্রামীণ সমাজসেবক মো.জুলফিকার আলী হায়দার হাওদার,উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মনির হোসেন আনান, পৌর বিএনপি আহ্বায়ক আব্দুল মাল্লান, সাবেক উপজেলা চেয়ারম্যান আতিকুল ইসলাম উজ্জল, সাবেক সদর ইউপি চেয়ারম্যান গোলাম সরওয়ার জমাদ্দার, উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক দেলোয়ার হোসেন বিপ্লব, সাংগঠনিক সম্পাদক আবুল কালাম আজাদ মল্লাহ জোহাদার প্রম্খ। এসময় সকল পূজামণ্ডপের সভাপতি, সাধারণ সম্পাদক, পূজা উদযাপন কমিটির নেতৃবৃন্দ, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতিনিধি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিতা উপস্থিত ছিলেন।

চরফ্যাশনে মা ইলিশ নিধনের

জেরো।। এসব অপকর্ম স্থানীয়ভাবে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ পেলেও প্রশাসন নীরব ভূমিকায়। মাঝে মাঝে দামসারা

অভিযানের যাচ্ছে প্রশাসন। তবে এরই মধ্যে পৃথক ঘটনায় প্রায় আট বস্তা মা ইলিশ জব্দ করেছে দক্ষিণ আইচা থানা পুলিশ এবং বরফভর্তি একটি গাড়ি আটক করে শশীকৃষ্ণ থানা পুলিশ। স্থানীয় অনেকে খুব প্রকাশ করে জানান, প্রশাসনের অনেককে কল করলে তারা কোন রিসিত করেনা। করলেও তা পাতাই দিচ্ছে না। উল্টো অসাধু মালিকপক্ষ ও জেলেদেরকে সংবাদ পৌছে দেয়। প্রশাসনের খবর দেয়া মানে হলো কোন ফল পাওয়া নয়। পাওয়া যায় শুধুই বিধ্বার শত্রুতা। ?রবিবার ১৮ অক্টোবর গভীর রাতে উপজেলার হাজারীগঞ্জ ইউনিয়নের খেজুভূঞাছিয়া এলাকায় গিয়ে দেখা যায়, নিধন করা মা ইলিশ পচারের উদ্দেশ্যে বরফ ভর্তি গাড়ি প্রস্তুত করে রাখা হয়েছে। পচারের উদ্দেশ্যে প্রস্তুত রাখা গাড়ির নম্বর: খুলনা মেট্রো- উ ১১-০০৭৭। সোমবার ১৯ অক্টোবর সকালে কুকরি মুকরি থেকে আসা প্রায় আট বস্তা ইলিশ জব্দ করে দক্ষিণ আইচা থানা পুলিশ। তবে এমন ঘটনায় কাউকে ফ্রেফতার করেনি পুলিশ। তবে স্থানীয়দের অভিযোগ, মেঘনার কুকরী-মুকরীর দক্ষিণ পাশ পর্যন্ত বিস্তার্তি এলাকায় মা ইলিশ শিকার চলছে। স্পিডব্রেক্ট গলাচিপা হয়ে বিভিন্ন স্থানে ইলিশ পচার করা হচ্ছে। এ ছাড়া কুকরী-মুকরী ইউনিয়নের বিভিন্ন বাড়িতে প্রিপ ফ্রিজের ইলিশ মজুত এবং মাছ কেটে লবণ দিয়ে সংরক্ষণের অভিযোগও রয়েছে। ?স্থানীয়দের অভিযোগ, দায়িত্বে নিয়োজিত মৎস্য দপ্তর ও সংশ্লিষ্ট প্রশাসনকে ম্যানেজ করেই একটি অসাধু চক্র নিরমিত নদী থেকে অবৈধভাবে মাছ শিকার করে বিভিন্ন জেলায় পচার করে আসছে তারা। অসাধু চক্রটির মাছ শিকারে এমন বৈপর্যয়ো হওয়া সত্ত্বেও প্রশাসন ও মৎস্য বিভাগের রহস্যজনক নীরবতা নিয়ে জন্মনে চরম উদ্বেগ, কোডের সৃষ্টি হয়েছে। সামরাজ মৎস্য ঘাটের জেলেদের অনেকে জানান, নিষেধাজ্ঞা অমান্য করে হাঙ্গর একটি চক্র প্রশাসনের ম্যানেজ করে অবরোধের প্রথম থেকেই কিছু মৎস্য ট্রলার বরফ লােড দিয়ে সামরাজ মৎস্য ঘাট সহ বিভিন্ন ছোটে ছোট খালে ঘাপটি মেরে বসে আছে। তাদের রেছেছোটে সুযোগ বুঝে প্রতি রাতে কিছু ট্রলার চলে যায় মেঘনা-তেতুলিয়ায়। এদিকেও শেটরি দিচ্ছে স্থানীয় প্রভাবশালী কিছু ট্রলার মালিক। শুধু তাই নয়, তেতুলিয়া পারের শেষ কিছু জেলে ও মালিকপক্ষরা জানায়, আইনের প্রাশ্নাশীল হয়ে তারা নদীতে যাচ্ছে না। অথচ একটি চক্র প্রশাসনকে ম্যানেজ করে প্রদান মাছ শিকারে যাচ্ছে তারা। কামাচ্ছে কোটি কোটি টাকা। এমন তথ্য প্রশাসনকে দিলেও তারা কোন পাতাই দিচ্ছে না। তাদের অনেকেকে কল দিলে কল রিসিত করেনি। তাহলে আমরা কি এদেশের নাগরিক না। তাহলে আমরা কেন নদীতে নেতে পারছিলাম। এই প্রশ্নটি প্রশাসনের প্রতি আমাদের। এক দেশে দুই নীতি এটা আমরা মানতে পারিনা। নাম প্রকাশ না করার শর্তে কয়েকজন জেলে ও তথ্যদাতা জানায়, উপজেলার তেতুলিয়ায় কোল থেকে সুকনা খালি খালে, গজারিয়া খালেঘোড়া, আদুদ্বাড়পুরের ডালিরঘাট, মাইমুন্সিং মৎস্য ঘাট, সামরাজ মৎস্য ঘাট, নতুন দুইজ মৎস্য ঘাট, লালমোহন ও চরফ্যাশন সীমান্তবর্তী বেতুয়া হুইজ মৎস্যঘাট সহ বেশ কিছু খালে অবস্থানত আছে শত শত মাছ ধরার ট্রলার। এসব ট্রলারে হাজার হাজার বরফ ক্যান রয়েছে। প্রতি রাতে সুযোগ বুঝে তারা মেঘনা তেতুলিয়ায় মাছ শিকারে যায় তারা। এদেকের সুযোগ করে দেন স্থানীয় প্রভাবশালীরা। প্রভাবশালীদের সাথে যোগাযোগ করে হাঙ্গর ট্রলারেরে কিছু অসাধু লোকজন। এসব বিষয় সভতাতা জানতে একাধিকবার যেন করেও কল রিসিত না করায় মৎস্য বিভাগের বক্তব্যে আমরা সন্দ্বব হয়নি। এ বিষয়ে এলাকাটিতে প্রশাসনের অভিযান জোরদার এবং কঠোর ব্যবস্থা নেওয়ার জোর দাবি জানিয়েছেন স্থানীয় সচেতন মহল।

বিশ্বে জ্বালানী সংকটের চূড়ান্ত

তার আশঙ্কা, আগামী দিন ও মাসগুলোতে জ্বালানী সরবরাহ, আন্তর্জাতিক বাণিজ্য ও অর্থনীতির প্রবাহের ওপর বারও চাপ তৈরি হবে পারে। সোমবার (১৯ অক্টোবর) দোহার গ্লোবাল লিঙ্কিউরিটি ফোরামে বক্তব্য দেওয়ার সময় কাতারের প্রতিকারবিষয়ক প্রতিমন্ত্রীর দায়িত্বেও থাকা আল থানি বলেন, জ্বালানী ক্ষেত্রে আমরা এমসি সংকটের চূড়ায় পৌছাইনি। আগামী দিন ও মাসগুলোতে এর আরও প্রভাব পড়তে পারে বলেও সতর্ক করেন তিনি। কাতার ও উপসাগরীয় অঞ্চলের সময়ে থাকা বিভিন্ন নিরাপত্তাঝুঁকি তুলে ধরে আল থানি বলেন, এর মধ্যে দেশের সার্বভৌমত্বের প্রতি হুমকি এবং জ্বালানী সরবরাহে বিশ্বের আশঙ্কাও রয়েছে। গত ২৮ ফেব্রুয়ারি ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলা এবং এর জবাবে তেহরানের আর্মলিক বিভিন্ন স্থানে পাল্টা হামলার পর থেকে কয়েকশত নৌপথ ধরনজ প্রণালিতে অস্থিরতা অব্যাহত রয়েছে। বিশ্বেরে ভেলে ও তলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) পরিবহনের অত্যন্ত গুরুত্বপূর্ণ পন্থ এটি। এ পথে জাহাজ চলাচল ব্যাহত হলে বিশ্ববাজারে জ্বালানী সরবরাহেরে পাশাপাশি বাণিজ্য ও অর্থনৈতিক কর্মকাণ্ডেও প্রভাব পড়তে পারে। গত মার্চে কাতারের রাস লাফান শিল্প কমপ্লেক্সে ইরানের হামলায় বিভিন্ন স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়। এসব স্থাপনা মেরামত করতে কয়েক বছর লেগে যেতে পারে বলে ধারণা করা হচ্ছে। হামলার বিষয়ে জানতে চাইলে আল থানি বলেন, আমরা বিশ্বস্ত হয়েছিলাম। তবে এই ঘটনার পর ইরানের সঙ্গে এ বিষয়ে অনেক আলোচনা হয়েছে বলেও জানান তিনি। এ হামলা থেকে কাতার শিক্ষা নিয়েছে উল্লেখ করে আল থানি বলেন, ভবিষ্যতে কোনো অপ্রত্যাশিত অবস্থায় থেকে দেশের সব গুরুত্বপূর্ণ স্থাপনা ও সম্পদ সুরক্ষিত রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে। হরমুজ প্রণালি দিয়ে চলাচলকারী জাহাজের ওপর কোনো ধরনের টেল বা ট্রানজিট কি আরোপের বিরোধিতা করেন কাতারের উপপ্রধানমন্ত্রী। তিনি বলেন, ট্রানজিট কি আরোপ করা উচিত নয়। এই নৌপথ নিয়ে অনিশ্চয়তা শেষ পর্যন্ত বিশ্বের বিভিন্ন দেশের ভোক্তাদের ওপর প্রভাব ফেলবে বলেও সতর্ক করেন তিনি। ইরানের হামলার পরও তেহরানের সঙ্গে যোগাযোগ অব্যাহত রেখেছে দোহা বলে জানিয়েছেন আল থানি। তার ভাষায়, আমরা কখনোই যোগাযোগ বন্ধ করি না। দুই দেশের মধ্যে মতপার্থক্য থাকলেও বিভিন্ন পর্যায়ে আলোচনা চলছে বলে জানান তিনি। হামলার আগে ইরানের সঙ্গে কাতারের সম্পর্কেই আন্তর্জাতিক হিসেবে বর্ণনা করেন আল থানি। দুই দেশের অভিন্ন সমুদ্রতীর গ্যাসক্ষেত্র এবং দীর্ঘদিনের অর্থনৈতিক স্বার্থের বিষয়টিও তুলে ধরেন তিনি। যুক্তরাষ্ট্র, ইরান ও ইসরায়েলসহ সংশ্লিষ্ট পক্ষগুলোর মধ্যে সমঝোতা প্রতিষ্ঠায় কাতার, পাকিস্তান ও ওমানের মধ্যস্থতা সফল হবে বলে আশা প্রকাশ করেন তিনি। তবে তার মতে, টেকবী সমাধানের জন্য আরও বিস্তৃত আর্মলিক সল্যাপ প্রয়োজন। এতে উপসাগরীয় সহযোগিতা পরিষদের (জিসিসি) সদস্য দেশ, পাকিস্তান ও তুরস্কের পাশাপাশি আন্তর্জাতিক মিত্রদেরও যুক্ত করতে হবে। আল থানি বলেন, আমাদের আস্থা তৈরি করতে হবে। ভবিষ্যতে সংঘাত এড়াতে ইরানের সঙ্গে অর্থনৈতিক সম্পর্ক বাড়ানোর সন্ধানবার কথাও বলেন তিনি। এক্ষেত্রে কয়েক দশকের বৈরিতার পর ফ্রান্স ও জার্মানির মধ্যে গড়ে ওঠা সহযোগিতার উদাহরণ তুলে ধরেন কাতারের উপপ্রধানমন্ত্রী। তিনি বলেন, ইরান আমাদের প্রতিবেশী। তাদের সঙ্গে বনাবাসের উপায় আমাদের বুজ্জে ধরে করতে হবে।

খাবারের থালা খালি হচ্ছে

খাদ্য সহায়তা থেকে বঞ্চিত হচ্ছেন: যেখানে সোনকাল মেটি জনসংখ্যার দুই-তৃতীয়াংশই পর্যায় পর্যায়ের সংস্থানে লড়াই করছে। ডব্লিউএফপি বলেছে, গাজার সংঘাটির মাপিক সহায়তাপ্রাপ্ত গ্রীষতার সংখ্যা ১৬ লাখ থেকে কমিয়ে ১১ লাখে নামিয়ে আনা হচ্ছে। এ ছাড়া, খাবারের বরাদ্দ অর্ধেক, ৭৫ হাজার পরিবারের জন্য নাদি অর্থ সহায়তা হ্রাস এবং যাদের রান্না করার সুযোগ নেই তাদের জন্য দৈনিক রান্না করা গরম খাবারের সংখ্যা আড়াই লাখ থেকে কমিয়ে দেড় লাখে নামিয়ে আনা হয়েছে। দুর্গম অঞ্চলের কিছু পরিবার বর্তমানে কেবল একদিন পুর পুর একবার রান্না করা খাবার পাচ্ছে। জাতিসংঘের বিশ্ব খাদ্য কর্মসূচি বলেছে, গাজার ১৪ লাখ মানুষ কিংবা মোট জনসংখ্যার দুই-তৃতীয়াংশই খাদ্য নিরাপত্তাহীনতার স্তরন সেকট বা তার চেয়েও খারাপ পরিস্থিতির মুখোমুখি, যার মধ্যে প্রায় ২ লাখ মানুষ জরুরি অবস্থায় রয়েছে। গত বছর যুক্তরাষ্ট্রের মহাশত্রুতা গাজা মুক্তবিপ্লি কার্যকর হওয়ার পর শেষ পর্যন্ত এই ভূখণ্ডের পুনর্বিন্যাসের আহ্বান জানানো হয়েছে। কিন্তু সংঘাত অবসানের চিহ্নি বাস্তবায়নে খুব সামান্যই অগ্রগতি হয়েছে: যার শর্তের মধ্যে রয়েছে হামাসের অস্ত্র সমর্পণ এবং ইসরায়েলের সেনা প্রত্যাহার। গাজার রয়টার্সকে দেওয়া এক সাক্ষাৎকারে বিশ্ব খাদ্য কর্মসূচির (ডব্লিউএফপি) ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক কার্ল কাউ বলেন, “এই ছব্বিরতি চুক্তির এক বছর হয়ে গেল। কিন্তু এখানকার জীবন এখনও বেশ কঠোর। কোনো উপযুক্ত আশ্রয় নেই... কোনো মৌলিক সেবা নেই। কোনো নিরাপত্তা নেই, সুরক্ষাও নেই।” তিনি বলেন, “আমরা যখন চতুর্থ শীতের মুখোমুখি হইছি, ঠিক তখনই এই বরাদ্দ কণ্ডাঠি হচ্ছে। আপনি জানেন, আমি এখানকার শীতের অভিজ্ঞতা দেখিছি, এটি অত্যন্ত নির্নিম”। গাজা ও ইসরায়েল-অধ্যুষিত পশ্চিম তীরে জরুরি কার্যক্রম অব্যাহত রাখতে আগামী হয় মাসের জন্য জরুরি ভিত্তিতে ৪৫ কোটি মার্কিন ডলার প্রয়োজন বলে জানিয়েছে ডব্লিউএফপি। কাউ বলেন, “আমরা বিশ্বকে বলছি, এখন মুখ ফিরিয়ে নেওয়ার সময় নয়। এই সহায়তা বজায় রাখাচ্ছে, হখন পর্যন্ত হওয়া অপ্রত্যািক্ত বাক্য এবং দ্রুত পুনর্বাসনের তাগিদ দিতে এগিয়ে আসার সময় এখনই।”

দেশে হামে মৃত্যু ছাড়াণো

রোগী ভর্তি হয়েছে। তাদের মধ্যে ১ নারী ৮৩ হাজার ৪২ জন চিকিৎসা নিয়ে হাসপাতাল ছেড়েছে। গত ১৫ মার্চ থেকে দেশে সন্দেহজনক হামের রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ২ লাখ ১৪ হাজার ৫৫১ জনে। এর মধ্যে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়েছে ২৩ হাজার ১৫৭ জন।

বসতঘরে আঙুন, বিয়ের জন্য

আঙুন নিয়ন্ত্রণে এলেও ততক্ষণে ঘরের মালামাল, গবাদিপশু ও নগদ টাকা পুড়ে ছাই হয়ে যায়। মোশাররফ হোসেন জানান, কৃষিকাজের পাশাপাশি দীর্ঘদিন ধরে গরু-ছাগল পালন করে আসছেন তিনি। একসময় অটোরিকশা চালিয়ে জীবিকা নির্বাহ করতেন। তবে অটোরিকশার ব্যাটারি চুরি হয়ে যাওয়ায় সেটি বিক্রি করে দেন। এরপর গরু-ছাগল পালন শুরু করেন। কান্নাজড়িত কষ্টে মোশাররফ বলেন, গত ১০-১২ বছরে পাঁচটি গরু ও ৪০টির বেশি ছাগল বিক্রি করে প্রায় সাত লাখ টাকা জমিয়েছিলাম। নিজের ও বোনের বিয়ের জন্য টাকাগুলো রেখেছিলাম। ব্যাংকে টাকা রাখিনি, ঘরেই রেখেছিলাম। কিন্তু আঙুনে আমার সব শেষ হয়ে গেছে। প্রায় দুই লাখ টাকা মূল্যের দুটি গরু, ছাগল, হাঁস-মুরগি ও ঘরের আসবাবপত্র সব পুড়ে গেছে। এখান কীভাবে সংসার চালাবো? আমি একদম নিঃশ্ব। বাউফল ফায়ার সার্ভিসের টিম লিডার ছাব্বির আহমেদ বলেন, সন্ধ্যা ৭টা ১৮ মিনিটের দিকে আগ্নিকারের খবর পেয়ে আমরা ঘটনাস্থলে রওনা হই। সেখানে পৌঁছে আঙুন জ্বলতে দেখে পানি ছিটিয়ে নেভানোর কাজ শুরু করি। পরে আঙুন সম্পূর্ণ নিয়ন্ত্রণে আসে। তিনি আরও বলেন, প্রাথমিকভাবে বৈদ্যুতিক শর্টসার্কিট থেকে আঙুনের সূত্রপাত হয়ে থাকতে পারে বলে ধারণা করা হচ্ছে। তদন্তের পর আঙুনের সূত্রপাত ও ক্ষয়ক্ষতির প্রকৃত পরিমাণ জানা যাবে।

ফ্যামিলি কার্ডের নাম ভাঙিয়ে বিধবার

খুলতে বলেন। পরে দুলাট দেখতে চাওয়ার একপর্যায়ে সেটি নিয়ে দ্রুত মোটরসাইকেলে করে পালিয়ে যান ওই দুই ব্যক্তি। এভাবে সরকারি সুবিধা পাইয়ে দেওয়ার আশ্বাস দিয়ে তিনি প্রভারণার শিকার হয়েছেন বলে অভিযোগ করেন মরিয়ম বেগম। ঘটনাটি জানাজানি হওয়ার পর স্থানীয়দের মধ্যে উদ্বেগ দেখা দিয়েছে। সরকারি সুবিধা পাওয়ার আশায় কেউ যাতে এ ধরনের প্রভারণার শিকার না হন, সে বিষয়ে সতর্ক থাকার প্রয়োজনীয়তার কথাও বলছেন স্থানীয়রা। এ বিষয়ে দৌলতখান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ফখরুল ইসলাম জানান, এ ঘটনায় অভিযোগ পেলে তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

ডেস্কুর হটস্পট পিরোজপুর

পরিচালনা করেন। পরিচ্ছন্নতা অভিযান চলাকালে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও পিরোজপুর পৌরসভার প্রশাসক মাহমুদুর রহমান মামুন, পৌরসভার নির্বাহী কর্মকর্তা বনী আমিন এবং পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক তোহিদুল ইসলাম। এ ছাড়া পৌরসভার কর্মকর্তা, স্মৃণীল সমাজের প্রতিনিধি ও গণমাধ্যমকর্মীরাও সেখানে উপস্থিত ছিলেন। অভিযান সম্পর্কে মাহমুদুর রহমান মামুন বলেন, ডেস্কুর প্রকল্প প্রতিরোধে পিরোজপুরে পৌরসভার ৯টি ওয়ার্ডেই দিন রাতের পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রয়েছে। মশার বংশবিস্তার রোধ ও নাগরিকদের ডেস্কুর ঝুঁকি থেকে মুক্ত রাখতে এ ধরনের জনকল্যাণমূলক কার্যক্রম অব্যাহত থাকবে। ডেস্কু প্রতিরোধে কেবল পৌরসভার উদ্যোগই যথেষ্ট নয় উল্লেখ করে নগরবাসীকেও নিজ নিজ বাড়ির আশপাশ পরিষ্কার রাখা, জমে থাকা পানি অপসারণ করা এবং মশার বংশবিস্তার রোধে সচেতন থাকার আহ্বান জানিয়েছে পৌর কর্তৃপক্ষ।

খায়রাবাদ নদীর ভাঙনে বিপর্যস্ত

তারা আরও বলেন, নদীভাঙনের কারণে অসুস্থ রোগীরা সময়মতো চিকিৎসা নিতে পারছেন না। শিক্ষার্থীরা স্কুল, কলেজ

রানি শিক্ষা ও নৈতিকতা চর্চায় সমৃদ্ধ মানব্যম্পদ বিবির্ণাণ					
তানযীমুল মিল্লাত মাদরাসা					
TANZIMUL MILLAT MADRASAH					
☎ 01763-628121, 01838-287504 📧 tanzimulmillat.net@gmail.com					
📍 উপজেলা রোড, বোরহানউদ্দিন, ভোলা।					
নিয়োগ বিজ্ঞপ্তি					
বোরহানউদ্দিন পৌরসভার অবস্থিত “তানযীমুল মিল্লাত মাদরাসা”এর নিম্নবর্ণিত পদে বাংলাদেশের মৈত্রি নাগরিকদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।					
ক্রমিক	পদের নাম	শিক্ষাপ্তত যোগ্যতা	অভিজ্ঞতা	বিষয়	পদ সংখ্যা
১।	অধ্যক্ষ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক/ স্নাতকোত্তর/মাস্টার্স/ডিগ্রি থাকতে হবে।	যে কোন শিক্ষা প্রতিষ্ঠানের প্রশাসনিক দায়িত্বে ন্যূনতম ৫-৬ বছরের বাতর অভিজ্ঞতা থাকতে হবে।	প্রশাসনিক কার্যক্রম	১
২।	উপাধ্যক্ষ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সার্ভিস্ট বিদ্যের ন্যূনতম স্নাতকোত্তর/সমমান ডিগ্রী থাকতে হবে।	আরোচীতে পারদর্শী হওয়া বাঞ্ছনীয়।	প্রশাসনিক কার্যক্রম	১
৩।	সমন্বয়ক	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সার্ভিস্ট বিদ্যের ন্যূনতম স্নাতকোত্তর/সমমান ডিগ্রী থাকতে হবে।	আরোি ও ইংরেজিতে পারদর্শীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।	প্রশাসনিক কার্যক্রম	১
৪।	সহকারী শিক্ষক	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সার্ভিস্ট বিদ্যের ন্যূনতম স্নাতকোত্তর/সমমান ডিগ্রী থাকতে হবে।	অভিজ্ঞতা সম্পন্নদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।	জারি	৬
৫।	সহকারী শিক্ষক	সার্ভিস্ট বিদ্যের স্নাতকোত্তর/সমমান ডিগ্রী	অভিজ্ঞতা সম্পন্নদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।	বাংলা ইংরেজি উর্দু লিখিত পরীক্ষা	২
৬।	সহকারী শিক্ষক	সার্ভিস্ট বিদ্যের স্নাতকোত্তর/সমমান ডিগ্রী	অভিজ্ঞতা সম্পন্নদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।	লিখিত পরীক্ষা	৩
৭।	হাফেজ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সার্ভিস্ট বিদ্যের ন্যূনতম স্নাতকোত্তর/সমমান ডিগ্রী থাকতে হবে।	অভিজ্ঞতা সম্পন্নদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।	লিখিত পরীক্ষা	৫
৮।	অতিরিক্ত সহকারী শিক্ষক	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সার্ভিস্ট বিদ্যের ন্যূনতম স্নাতকোত্তর/সমমান ডিগ্রী থাকতে হবে।	অভিজ্ঞতা সম্পন্নদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।	লিখিত পরীক্ষা	৩
৯।	কোষিক	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সার্ভিস্ট বিদ্যের ন্যূনতম স্নাতকোত্তর/সমমান ডিগ্রী থাকতে হবে।	অভিজ্ঞতা সম্পন্নদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।	লিখিত পরীক্ষা	৩
১০।	অতিরিক্ত সহকারী	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সার্ভিস্ট বিদ্যের ন্যূনতম স্নাতকোত্তর/সমমান ডিগ্রী থাকতে হবে।	অভিজ্ঞতা সম্পন্নদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।	লিখিত পরীক্ষা	৩
১১।	ইন্সপেক্টর	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সার্ভিস্ট বিদ্যের ন্যূনতম স্নাতকোত্তর/সমমান ডিগ্রী থাকতে হবে।	অভিজ্ঞতা সম্পন্নদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।	লিখিত পরীক্ষা	৩
১২।	ডায়রা	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সার্ভিস্ট বিদ্যের ন্যূনতম স্নাতকোত্তর/সমমান ডিগ্রী থাকতে হবে।	অভিজ্ঞতা সম্পন্নদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।	লিখিত পরীক্ষা	৩
১৩।	লিগা-গার্ডকর্মী	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সার্ভিস্ট বিদ্যের ন্যূনতম স্নাতকোত্তর/সমমান ডিগ্রী থাকতে হবে।	অভিজ্ঞতা সম্পন্নদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।	লিখিত পরীক্ষা	৩
১৪।	ন্যূনতম (সহকারী)	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সার্ভিস্ট বিদ্যের ন্যূনতম স্নাতকোত্তর/সমমান ডিগ্রী থাকতে হবে।	অভিজ্ঞতা সম্পন্নদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।	লিখিত পরীক্ষা	৩

শর্তাবলী

- অ-ধুমপানীয় হওয়া।
- ধর্মীয় অনুশাসন মেনে চলা।
- পরমততাবিস্থতা হওয়া।
- বয়স ২৫ থেকে ৩৫ বছর (প্রয়োজনে বিশেষ বিবেচনা)।

আবেদনের নিয়মাবলী

- আরোি প্রার্থীকে আগামী ৩১ অক্টোবরের মধ্যে ডাকযোগে/ সরাসরি/ উপরোক্ত ই-মেইলে চেয়ারম্যান বরাবর স্ব-হস্তে লিখিত আবেদনপত্র জমা দিতে হবে।
- প্রার্থীর শিক্ষাপ্তত যোগ্যতা সনদ, অভিজ্ঞতা সনদ, জাতীয় পরিচয়পত্র এবং পাসপোর্ট সাইজের সত্যায়িত ২ কপি ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করে জমা দিতে হবে।
- নিয়োগ পরিক্ষার গ্রহণের জন্য কোন ধরনের টিএ-ডিএ প্রদান করা হবে না।
- নির্বাচিত প্রার্থীকে ই-মেইলযোগে/খুদে বার্তার মাধ্যমে বিজ্ঞাপিত তথ্য জানিয়ে দেওয়া হইবে।

ও মাদ্রাসায় যেতে পারছে না। এ অবস্থায় এলাকাবাসীকে রক্ষায় ঝালকাঠি পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) দ্রুত কার্যকর উদ্যোগ প্রয়োজন। তারা জরুরি ভিত্তিতে নদীতীর সংরক্ষণে বেড়িবাঁধ নির্মাণ অথবা জিও ব্যাগ ফেলার দাবি জানান। এ বিষয়ে নলছিটি উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) প্রতীক কুমার কুন্ড বলেন, ‘খায়রাবাদ নদীভাঙনের বিষয়টি আপনাদের মাধ্যমে জানানাম।

অচিরেই আমি ঘটনাস্থল পরিদর্শন করে প্রয়োজনীয় কর্তৃপক্ষকে অবহিত করব। অন্যদিকে, ঝালকাঠি পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী নিলয় পাশার ব্যবহৃত মুঠোফোনে কল করা হলেও তার বক্তব্য পাওয়া যায়নি। ঝালকাঠির নলছিটি উপজেলার দপদপিয়া ইউনিয়নের সীমান্তবর্তী খায়রাবাদ নদীর তীর ভাঙনে দিশেহারা শতাধিক পরিবার। এতোমধ্যে নদীপার্শ্বে বিলীন হয়েছে বহ

খাবারের খালা খালি হচ্ছে
৫ লাখ ফিলিস্তিনির

কীর্তনখোলা ডেক

তহবিল সংকটের কারণে ফিলিস্তিনের যুদ্ধবিধ্বস্ত গাজা উপত্যকায় সহায়তা কর্মসূচিতে বড় ধরনের কাটছাঁট করার ঘোষণা দিয়েছে জাতিসংঘের বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি)। সংস্থাটির এই সিদ্ধান্তে ওই অঞ্চলের প্রায় ৫ লাখ মানুষ মাসিক ৩ এর পাতায় দেখুন

দৈনিক

কীর্তনখোলা

আত্মত্যাগী প্রতিদিন

বরিশাল ৯ মঙ্গলবার ৯ ২০ অক্টোবর ২০২৬ ৯ ০৪ কার্তিক ১৪৩৩

বিশ্বে জ্বালানি সংকটের চূড়ান্ত
ধাক্কা এখনো আসেনি: কাতার

কীর্তনখোলা ডেক

মুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সঙ্গে ইরানের যুদ্ধের কারণে বিশ্ব জ্বালানি বাজারে যে অস্থিরতা তৈরি হয়েছে, তার সবচেয়ে বড় ধাক্কা এখনো আসেনি বলে সতর্ক করেছেন কাতারের উপ-প্রধানমন্ত্রী শেখ সৌদ বিন আবদুর রহমান আল থানি। ৩ এর পাতায় দেখুন



‘শুধু জিপিএ-৫ পেলেই হবে না, শুদ্ধাচার ও স্বাস্থ্যের দিকেও নজর দিতে হবে: জিয়াউদ্দিন হায়দার

বালকঠি প্রতিনিধি
প্রধানমন্ত্রীর স্বাস্থ্যবিষয়ক বিশেষ সহকারী (প্রতিমন্ত্রী পদমর্যাদা) ড. এস এম জিয়াউদ্দিন হায়দার বলেছেন, ‘শুধু লেখাপড়ার জিপিএ-৫ পেলেই হবে না, শুদ্ধাচার ও স্বাস্থ্যের দিকেও গুরুত্ব দিতে হবে। শিক্ষার্থীদের পুষ্টিিকর খাবার খেতে হবে, বাড়ির আভিয়ার সবজি চাষ ও

হাঁস-মুরগি পালনে উৎসাহিত হতে হবে। পাশাপাশি দক্ষতাভিত্তিক শিক্ষা গ্রহণ করে সবাইকে সঙ্গে নিয়ে এগিয়ে যেতে হবে।’ সোমবার (১৯ অক্টোবর) সকাল ১১টায় বালকঠি শিল্পকলা একাডেমিতে জেলার এসএসসি ও সমমান পরীক্ষায় জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীদের সংবর্ধনা এবং

মাধ্যমিক শিক্ষার মানোন্নয়নবিষয়ক জেলা পর্যায়ের সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, ‘আজ আমি একবাক উজ্জ্বল নক্ষত্রের মাঝে বসে আছি। তোমাদের মধ্যে কবি কামিনী রায় ও কবি জীবনানন্দ দাসের মতো প্রতিভা রয়েছে। ৩ এর পাতায় দেখুন



আগৈলঝাড়ায় মন্দিরের ট্রাক্স ভেঙে টাকা ও পূজার উপকরণ চুরি

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়ায় একটি সার্বজনীন শীতলা ও কালী মন্দিরের দরজা ভেঙে নগদ টাকা ও পূজার বিভিন্ন উপকরণ চুরির অভিযোগ উঠেছে। রোববার দিবাগত রাতে উপজেলার গেলা ইউনিয়নের পতিহার এলাকার মন্দিরটিতে এ ঘটনা ঘটে। খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করেছে পুলিশ। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গেছে, দিবাগত রাতে দুর্বৃত্তরা পতিহার সার্বজনীন শীতলা ও কালী মন্দিরের লোহার দরজার রড ভেঙে ভেতরে প্রবেশ করে। পরে মন্দিরের টিসিরে ট্রাক্স ভেঙে নগদ টাকা ও পূজার বিভিন্ন উপকরণ ৩ এর পাতায় দেখুন

মুয়াজ্জিন আবশ্যিক

বরিশাল আমানতগঞ্জ পাওয়ার হাউজ সংলগ্ন জামে মসজিদের জন্য একজন দাখিল পাশ, কুরি, সুকষ্টা ও অভিজ্ঞ মুয়াজ্জিন আবশ্যিক। অগ্রাহী প্রার্থীদের ২৬/১০/২০২৬ ইং তারিখ রোজ সোমবার বিকলে ৪ঘটিকায় আবেদন, জীবনবৃত্তান্ত, এনআইডি ও শিক্ষাপত যোগ্যতার সনদ ও ছবিসহ স্বশরীরে উপস্থিত থাকার অনুরোধ করা হলো।

নিবেদক মসজিদ কমিটি, পাওয়ার হাউজ সংলগ্ন জামে মসজিদ আমানতগঞ্জ , বরিশাল।

ইসলাম ও প্রচলিত শিক্ষার অপর সমন্বয়

লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা

লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল।

২০২৬ শিক্ষাবর্ষে

আবাসিক অনাবাসিক চে-কোয়ার

দাখিল A+ প্রাপ্তদের জন্য

আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।

যোগাযোগ: ০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৮৭১৪৮, ০১৭১১-৭০২২৫৭, ০১৭১৪৪৫১১১৪

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

দি নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১

০১৭১৩-১৬৯৮২৮

চরফ্যাশনে মা ইলিশ নিধনের মহোৎসব, গভীর রাতে পাচার

চরফ্যাশন প্রতিনিধি
ভোলা চরফ্যাশনে নিষেধাজ্ঞা অমান্য করে অসামু্য জেলে ও স্থানীয় মৎস্য দপ্তরের কিছু অসাদু ব্যবসায়ীদের মাধ্যমে চলছে মা ইলিশ নিধনের মহোৎসব। নিষিদ্ধ সময়ে মেঘনা ও তেতুলিয়ায় অবধি ইলিশ শিকার করে কমানো হচ্ছে মোটা অংকে

টাকা। এসব কর্মে রয়েছে স্থানীয় কিছু প্রভাবশালী মালিকপক্ষ ও স্থানীয় মৎস্য দপ্তরের কিছু অসাদু লোকজন। প্রশাসনের এসব লোকজনকে মোটা অংকে ম্যানেজ করেই চলছে মা ইলিশ নিধনের মহোৎসব। স্থানীয়ভাবে কিছু ইলিশ প্রকাশ্যে হাকডাক

দিয়ে বিক্রি করছে তারা। সিংহ ভাগ মাছ পাচার হচ্ছে দেশের বিভিন্ন জেলায়। দেশের যেখানেই যাচ্ছে মাছ, আর সেখান থেকেই আসছে বরফ। এই বিনিময়ের মাধ্যমে মেঘনা তেতুলিয়ার মাছ শিকারে মেতে উঠেছে ৩ এর পাতায় দেখুন

বরিশালে কমেছে সবজি দাম, মাছ কিনতে হিমশিম খাচ্ছেন ক্রেতারা

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে সপ্তাহের বারবাধানে সবজির দাম কিছুটা কমলেও মাছের চড়া দামে বাজারে গিয়ে হতাশ হয়ে ফিরছেন ক্রেতারা। বাজারে সব ধরনের সবজি কেজিতে ৫-১০ টাকা পর্যন্ত কমলেও কমেনি মাছের দাম। সোমবার (১৯ অক্টোবর) সকালে বরিশাল নগরীর বহুমুখী সিটি

পাইকারি সবজির বাজার ঘুরে দেখা গেছে, কচামরিচ গত সপ্তাহের চেয়ে ১০ টাকা কমে ৭০ টাকা কেজি দরে বিক্রি হয়েছে। পটল ৩০, টেডুস ৪০, চিচিলা ৪০ টাকা, ধুন্দল ৫০ টাকা, বিড়া ৪০ টাকা, করলা ৪০ টাকা, ফুলকপি ৪০ টাকা, বাধাকপি ৫৫ টাকা, গাজর ৯০ টাকা, পেঁপে ৬-১০ টাক, লাউ ৪০ টাকা, লেবু হালি ৩০ টাকা দরে বিক্রি হচ্ছে। এদিকে ৩ এর পাতায় দেখুন

কিশোরীদের স্বাস্থ্য সুরক্ষা ও বাল্যবিবাহ প্রতিরোধে সম্মিলিত উদ্যোগের আত্মান

বরশালা প্রতিনিধি

কিশোরীদের প্রজননস্বাস্থ্য সুরক্ষা, শিকার ধারাবাহিকতা নিশ্চিত ও বাল্যবিবাহ প্রতিরোধে পরিবার, সমাজ ও সংশ্লিষ্ট সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন জাতীয় সংসদের চিফ হুইপ নূরুল ইসলাম মনি। সোমবার বরগুনার পথরঘাটা উপজেলা পরিষদ মিলনায়তনে ‘প্রজননক্ষমতা ও কিশোরী স্বাস্থ্য সুরক্ষা এবং বাল্যবিবাহ প্রতিরোধ’ শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। চিফ হুইপ বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমান নারীদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী ও ক্ষমতায়নের লক্ষ্যে বিভিন্ন উদ্যোগ নিয়েছেন। ফ্যামিলি কার্ডের ৩ এর পাতায় দেখুন

ডেকুর হটস্পট পিরোজপুর মাঠে নেমেছে পৌর কর্তৃপক্ষ

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুর পৌরসভায় ডেকুর প্রতিরোধে পরিষ্কার-পরিচ্ছন্নতা ও মশক নিধন অভিযান শুরু করেছে পৌর কর্তৃপক্ষ। এর অংশ হিসেবে সোমবার (১৯ অক্টোবর) পৌরসভার ৫ নম্বর ওয়ার্ডের ভিসি পাড়া এলাকায় খাল পরিষ্কারসহ বিভিন্ন স্থানে পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করা হয়। অভিযান চলাকালে এডিস মশার বংশবিস্তার রোধে বিভিন্ন স্থানে লার্ভিসাইড ও এডাল্টিসাইড স্প্রে করা হয়। পৌরসভার পরিচ্ছন্নতাকর্মীরা এলাকার খাল ও আশপাশের ঝোপঝাড়সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে মশা নিধনে এ কার্যক্রম ৩ এর পাতায় দেখুন

অধ্যাপক ডা. এন.সি. দ্র রবীন্দ্র

এমবিবিএস(ঢাকা),ডি.ও.ডিএমসি,এমডিপি(ইউএসএ) ট্রেইন্ড ইন অরকিউল(আমেরিকা),বৈজ্ঞানিক(চীন),এনআইও(ঢাকা),ফ্যাকল্টি ও প্রোকোম,ফেলো,জাতীয় চিকিৎসা বিজ্ঞান ইনস্টিটিউট, ঢাকা ও এস.বি.ম্যাশনাল কনফারেন্স ও সেরাচি সেবা পদকপ্রাপ্ত

মাথা ব্যথা, প্রোকোম, ফ্যাকো সার্জন ও চক্ষু বিশেষজ্ঞ

বিভাগীয় প্রধান: সের.ই বঙ্গলা প্রতিবেদন কর্তৃক হাসপাতাল (এক্স) বর্ডিনাল সেরা এক্সপার্টো প্রোটিকল বঙ্গলা ও হাসপাতাল বর্ডিনাল

বরিশাল চেম্বার: মেঘা ডায়্যাগনস্টিক ল্যাব

৪০ সন রোগ (মোটন দলী ইউএ এর বিশিষ্ট) বর্ডিনাল | পরিচালনা জন্ম ০১৭০৯০৮০৭, ০১৭০৯০৮০৭

দেশে হামে মৃত্যু ছাড়ালো ১২০০

কীর্তনখোলা ডেক

দেশে নতুন করে উপসর্গ নিয়ে আরও ৫ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর নিশ্চিত হামে ১০৪ জন এবং উপসর্গ নিয়ে এক হাজার ৯৭ জনের মৃত্যু হয়েছে। সব মিলিয়ে হাম ও এর উপসর্গ নিয়ে মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ১ হাজার ২০১ জনে। সোমবার (১৯ অক্টোবর) স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত হেলথ রুলেটিনে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, রোববার সকাল ৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় হাম উপসর্গ নিয়ে ঢাকা বিভাগে সর্বোচ্চ ২ জন মারা গেছেন। এ সময়ে দেশের বিভিন্ন হাসপাতালে হাম ও উপসর্গ নিয়ে নতুন করে ১ হাজার ৩৪২ জন রোগী এসেছে। বিভাগভিত্তিক হিসাবে, গত ২৪ ঘণ্টায় ঢাকা বিভাগে ৫৮৭ জন, রাজশাহীতে ৪০ জন, সিলেটে ১৩৬ জন, চট্টগ্রামে ২৯২ জন, বরিশালে ১২৩ জন, ময়মনসিংহে ৬৯ জন, খুলনায় ৭৩ জন এবং রংপুরে ২২ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি বছর ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত দেশের বিভিন্ন হাসপাতালে হামের উপসর্গ নিয়ে মোট ১ লাখ ৯০ হাজার ৬৬৩ জন ৩ এর পাতায় দেখুন

স্বাধীনভাবে নিজ ধর্ম পালনের অধিকার রয়েছে: প্রতিমন্ত্রী সোহেল মনজুর

ভাঙ্গারিয়া প্রতিনিধি

বাংলাদেশ সব ধর্মের মানুষের দেশ। মহান মুক্তিযুদ্ধ থেকে শুরু করে দেশের প্রতিটি আন্দোলনে সব ধর্মের মানুষ সামানভাবে অংশগ্রহণ করেছেন। প্রত্যেক নাগরিকের নিজ নিজ ধর্ম পালন ও মৌলিক অধিকার জোগ করার সমান অধিকার রয়েছে। ধর্মীয় সম্প্রীতি বজায় রেখে সকলের নিজ নিজ ধর্ম পালনের অধিকার নিশ্চিত করতে বর্তমান সরকার বদ্ধপরিকর। গতকাল সোমবার সকালে উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ সভাকক্ষে শারদীয় দুর্গাপূজা উপলক্ষে উপজেলার সকল পূজা মন্দির ও মণ্ডপে বিশেষ আর্থিক অনুদান ও উপহারসামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান ৩ এর পাতায় দেখুন

বসতঘরে আগুন, বিয়ের জন্য জমানো ৭ লাখ টাকা পুড়ে ছাই

কীর্তনখোলা রিপোর্ট

পটুয়াখালীর বাউকলে বসতঘরে অগ্নিকান্ডে গুরু-ছাগল, হাঁস-মুরগি, আসবাবপত্রসহ পুড়ে গেছে নিজের ও বানেশ বিয়ের জন্য দীর্ঘ ১০ থেকে ১২ বছরে জমানো প্রায় সাত লাখ টাকা। এতে সব হারিয়ে নিঃশ্ব হয়ে পড়েছে মোশাররফ হোসেনের (৩০) পরিবার। রোববার (১৮ অক্টোবর) সন্ধ্যা ৫টার দিকে উপজেলার দাসপাড়া ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের বাংলালিংক টাওয়ারসংলগ্ন এলাকায় এ অগ্নিকান্ডের ঘটনা ঘটে। ক্ষতিগ্রস্ত পরিবার ও স্থানীয় সূত্রে জানা যায়, রোববার সন্ধ্যায় হঠাৎ মোশাররফের বসতঘরে আগুন লাগে। মুহূর্তেই আগুনের সেলিহান শিখা পুরো ঘরে ছড়িয়ে পড়ে। স্থানীয়রা আগুন নেভানোর চেষ্টা করেও ব্যর্থ হন। খবর পেয়ে ঘটনাস্থলে পৌছে আগুন নেভানোর কাজ শুরু করে ফায়ার সার্ভিস। পরে ৩ এর পাতায় দেখুন

ফ্যামিলি কার্ডের নাম ভাঙিয়ে বিধবার সোনার দুল ছিনিয়ে নেয়ার অভিযোগ

ভোলা প্রতিনিধি

ভোলার দৌলতখানে ফ্যামিলি কার্ড করে দেওয়ার প্রলোভন দেখিয়ে মরিয়ম বেগম (৫৫) নামে এক বিধবা নারীর কানের সোনার দুল নিয়ে পালিয়ে যাওয়ার অভিযোগ উঠেছে দুই ব্যক্তির বিরুদ্ধে। সোমবার (১৯ অক্টোবর) দুপুরে দৌলতখান পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের সাজি বাড়িতে এ ঘটনা ঘটে। এ ঘটনায় এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। ভুক্তভোগী মরিয়ম বেগম ওই ওয়ার্ডের মৃত নাছির সাজির স্ত্রী। মরিয়ম বেগমের অভিযোগ, সোমবার দুপুর ১টার দিকে মোটরসাইকেলে করে দুই ব্যক্তি তাঁর বাড়িতে আসেন। তাঁরা সরকারি ফ্যামিলি কার্ড করে দেওয়ার কথা বলে তাঁর ছবি তুলতে চান। একপর্যায়ে ছবি তোলার কথা বলে তাঁকে কানের সোনার দুল ৩ এর পাতায় দেখুন

বিশিষ্টাধির রাহমনি রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

১২০০

১২০০

১২০০

১২০০

১২০০

১২০০

১২০০

১২০০

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক

মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com